আমরা স্বাবলম্বী হবো
সকলে কর দেবো

জাতীয় রাজস্ব বোর্ড

কর নীতি উইং

আয়কর পরিপত্র - ১

২০১৮-২০১৯

২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে
আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর নীতি উইং

আয়কর পরিপত্র-১/২০১৮-২০১৯

২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

সূচীপত্র

ক্রম	বিষয়	পৃষ্ঠা
	২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ	১
১।	২০১৮-২০১৯ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার	১
	(ক) ব্যক্তি করদাতাসহ অন্যান্য করদাতার (কোম্পানি ব্যতীত) জন্য সাধারণ করহার	১
	(খ) কোম্পানি ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতার উপর সর্বোচ্চ করহার	৩
	(গ) কোম্পানির করহার	৪
২।	সারচার্জ	৫
৩।	আয়কর অধ্যাদেশের ধারা 2 এর সংশোধন	৮
	(ক) Charitable Purpose এর সংজ্ঞা পরিবর্তন: ক্লজ (16) এর সংশোধন	৮
	(খ) fees for technical services এর আওতার স্পষ্টীকরণ: ক্লজ (31) এর সংশোধন	৯
	(গ) Permanent establishment এর সংজ্ঞা সংযোজন: নতুন ক্লজ (44A) এর সংযোজন	৯
	(ঘ) করারোপিত লভ্যাংশ (Taxed Dividend) এর সংজ্ঞা সংযোজন: নতুন ক্লজ (62B) এর সংযোজন	১০
৪।	আয়কর অধ্যাদেশের ধারা 18 এর সংশোধন	১১
৫।	আয়কর অধ্যাদেশের ধারা 19 এর সংশোধন	১২
	ঋণ বা দান গ্রহণ: উপধারা (21) এর বিধান সংশোধন এবং উপধারা (26) ও (28) এর বিলোপ	১২
৬।	আয়কর অধ্যাদেশের ধারা 30 এর সংশোধন	১৭
	(ক) employee এর রিটার্ন সংক্রান্ত তথ্য দাখিলে ব্যর্থতায় বেতন-ভাতাদি খরচ অনুমোদনযোগ্য না হওয়া: ক্লজ (aaaa) এর প্রতিস্থাপন	১৭

ক্রম	বিষয়	পৃষ্ঠা
	(খ) কর্মকর্তা বা কর্মচারীর পারকুইজিট বাবদ খরচ অনুমোদনের সীমা বৃদ্ধি - ক্লজ (e) এর সংশোধন	১৮
	(গ) Head office expense, intra-group expense বা সমজাতীয় খরচের অনুমোদনযোগ্য সীমা: ক্লজ (g) এর সংশোধন	১৮
	(ঘ) Royalty, technical services fee, technical know-how fee, technical assistance fee বা সমজাতীয় খরচের অনুমোদনযোগ্য সীমা: ক্লজ (h) এর সংশোধন	১৯
৭।	আয়কর অধ্যাদেশের ধারা 35 এর সংশোধন	২০
৮।	আয়কর অধ্যাদেশের ধারা 52AA এর সংশোধন	২১
৯।	আয়কর অধ্যাদেশের ধারা 52Q এর সংশোধন	২১
১০।	আয়কর অধ্যাদেশের ধারা 52U এর প্রতিস্থাপন	২২
১১।	করারোপিত লভ্যাংশের উপর উৎস কর অব্যাহতি: আয়কর আয়কর অধ্যাদেশের ধারা 54 এর সংশোধন	২৪
১২।	আয়কর অধ্যাদেশের ধারা 56 এর সংশোধন	২৬
১৩।	আয়কর অধ্যাদেশের ধারা 58 এর সংশোধন	২৭
১৪।	আয়কর অধ্যাদেশের ধারা 75 এর সংশোধন	২৭
১৫।	আয়কর অধ্যাদেশের ধারা 82BB এর সংশোধন	২৮
১৬।	আয়কর অধ্যাদেশের ধারা 82C এর সংশোধন	২৮
১৭।	আয়কর অধ্যাদেশের ধারা 94 এর সংশোধন	২৮
১৮।	বেতনভোগী কর্মীদের রিটার্ন দাখিল সংক্রান্ত তথ্য প্রদান: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 108A এর সন্নিবেশ	২৯
১৯।	বিভিন্ন এজেন্সি কর্তৃক কর বিভাগের নিকট স্বয়ংক্রিয়ভাবে তথ্য প্রেরণ: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 113A এর সন্নিবেশ	২৯
২০।	আয়কর অধ্যাদেশের ধারা 124 এর সংশোধন	৩০
২১।	আয়কর অধ্যাদেশের ধারা 132 এর প্রতিস্থাপন	৩১

ক্রম	বিষয়	পৃষ্ঠা
২২।	আয়কর অধ্যাদেশের ধারা 143 এর সংশোধন	৩১
২৩।	আয়কর অধ্যাদেশের ধারা 153 এর প্রতিস্থাপন	৩২
২৪।	আয়কর অধ্যাদেশের ধারা 163 এর সংশোধন	৩৩
২৫।	ভুল তথ্য প্রদানের শাস্তি: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 166A এর সন্নিবেশ	৩৩
২৬।	মামলা দায়েরর ক্ষেত্রে অধিকতর তদন্তের ক্ষমতা: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 169A এর সন্নিবেশ	৩৪
২৭।	আয়কর অধ্যাদেশের ধারা 178 এর সংশোধন	৩৪
২৮।	আয়কর অধ্যাদেশের ধারা 184A এর সংশোধন	৩৪
২৯।	বীমা ব্যবসায়ের খরচের ক্ষেত্রে ধারা 30 এর প্রযোজ্যতা: আয়কর অধ্যাদেশের Fourth Schedule এর সংশোধন	৩৫
৩০।	আয়কর অধ্যাদেশের ধারা Sixth Schedule এর Part A এর সংশোধন	৩৫
৩১।	জারীকৃত প্রজ্ঞাপনসমূহ	৩৬
	(ক) অভ্যন্তরীণ নৌ-পথে নিয়োজিত কন্টেইনার (মাল্টি পারপাস) কে অনুমিত আয়করের আওতায় আনা	৩৬
	(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনীসমূহ	৩৬
	(১) বিধি 17A এর সংশোধন	৩৭
	(২) বিধি 18 এর সংশোধন	৩৮
	(৩) বিধি 23A সংযোজন	৩৮
	(৪) বিধি 25A সংশোধন	৩৯
৩২।	আয়কর রিটার্ন ফরম	৩৯

পরিশিষ্ট

		পৃষ্ঠা
পরিশিষ্ট ১	অর্থ আইন, ২০১৮ এর ধারা ৪৫ এ বর্ণিত তফসিল-২	৪২
পরিশিষ্ট ২	এস, আর, ও, নং ১৯০-আইন/আয়কর/২০১৮, তারিখ: ১১ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ/ ২৫ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ	৫১
পরিশিষ্ট ৩	Statement of Tax Deducted or Collected under Chapter VII	৫২
পরিশিষ্ট ৪	Statement regarding filing of return of employees	৫৩
পরিশিষ্ট ৫	জীবনযাত্রার ব্যয় বিবরণী (IT-10BB2016)	৫৪
পরিশিষ্ট ৬	উৎসে কর কর্তন/ আদায় সংক্রান্ত অধিক্ষেত্র	৫৬
পরিশিষ্ট ৭	Major sources of income subject to deduction or collection of tax, advance payment of tax and presumptive tax: Rates applicable for Financial Year 2018-19	৬৪
পরিশিষ্ট ৮	Rate of deduction under section 52	৭৮
পরিশিষ্ট ৯	Rate of deduction under section 52A	৭৯
পরিশিষ্ট ১০	Rate of deduction from the payment of certain services under section 52AA	৮০
পরিশিষ্ট ১১	Rate of deduction under section 52JJ	৮২
পরিশিষ্ট ১২	Rate of deduction under section 53E	৮৩
পরিশিষ্ট ১৩	Rate of deduction under section 53F (2)	৮৪
পরিশিষ্ট ১৪	Rate of deduction under section 53FF	৮৫
পরিশিষ্ট ১৫	Rate of deduction from income of non-residents under section 56	৮৬
পরিশিষ্ট ১৬	Rate of advanced tax under section 68B	৮৮
পরিশিষ্ট ১৭	Tax Payment Codes	৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০২০.১৮.২৯ তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ / ১২ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

আয়কর পরিপত্র-১/২০১৮-২০১৯

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ।

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় জারীকৃত বিভিন্ন এস, আর, ও এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনাসহ বিভিন্ন করহার পুনঃনির্ধারণ করা হয়েছে। নব প্রবর্তিত ও সংশোধিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসমূহের যথাযথ প্রয়োগ নিশ্চিতকল্পে ও সংশ্লিষ্ট বিধি বিধানসমূহ করদাতাদের সহজভাবে অবহিত করার লক্ষ্যে আনীত সংযোজন/ সংশোধন/ পরিবর্তন/পরিমার্জনসমূহের উল্লেখযোগ্য বিষয় নিম্নে উপস্থাপন করা হলোঃ

১। ২০১৮-১৯ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার

(ক) ব্যক্তি করদাতাসহ অন্যান্য করদাতার (কোম্পানি ব্যতীত) জন্য সাধারণ করহার

অর্থ আইন, ২০১৮ তে বর্ণিত করহারের তফসিল অনুযায়ী প্রত্যেক নিবাসী ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার হবে নিম্নরূপ:

	মোট আয়	কর হার
(১)	প্রথম ২,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(২)	পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
(৩)	পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
(৪)	পরবর্তী ৬,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
(৫)	পরবর্তী ৩০,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২৫%
(৬)	অবশিষ্ট মোট আয়ের উপর	৩০%

তবে, উপরোল্লিখিত কর হার করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

মহিলা, প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে করমুক্ত সীমা হবে নিম্নরূপ:
(১) মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা: ৩,০০,০০০ টাকা;
(২) প্রতিবন্ধী ব্যক্তি করদাতা: ৪,০০,০০০ টাকা;
(৩) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা: ৪,২৫,০০০ টাকা।

কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা বেশি হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এ সুবিধা পাবেন।

মোট আয়ের পরিমাণ করমুক্ত সীমার অধিক হলে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

এলাকা	ন্যূনতম করের হার (টাকা)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০

করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ ন্যূনতম আয়করের চেয়ে কম, শূন্য বা ঋণাত্মক হলেও তাকে প্রযোজ্য হারে ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

কোন করদাতা স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হলে এবং উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকলে উক্ত করদাতার সে ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত প্রযোজ্য হবে:

	বিবরণ	**রেয়াতের হার**
(১)	যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নয়	উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%
(২)	যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক	উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%

(খ) কোম্পানি ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতার উপর সর্বোচ্চ করহার

কোম্পানি ব্যতীত নিম্নোক্ত অন্যান্য শ্রেণির করদাতার উপর নিম্নরূপ সর্বোচ্চ হারে আয়কর আরোপিত হবে:

করদাতার শ্রেণি	করহার
(১) কোম্পানি নয়, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ ব্যক্তি শ্রেণিভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর--	৩০%
(২) কোম্পানি নয়, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এরূপ করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর --	৪৫%
(৩) সমবায় সমিতি আইন, ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর --	১৫%

(গ) কোম্পানির করহার

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত কোম্পানি করদাতার জন্য ২০১৭-১৮ কর বছরে প্রযোজ্য করহার ২০১৮-১৯ কর বছরেও বহাল থাকবে। ২০১৮-১৯ কর বছরের জন্য কোম্পানির আয়করের হার (লভ্যাংশ আয় ও মূলধনী আয় ব্যতীত) নিম্নরূপ:

	কোম্পানির ধরণ	কর হার	মন্তব্য
(১)	নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানি (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এমন কোম্পানি)	৩৫%	
(২)	পাবলিকলি ট্রেডেড কোম্পানি (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি)	২৫%	শর্ত:যদি এরূপ কোম্পানি যা Publicly traded company নয়, তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে এরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করবে।
(৩)	ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত): পাবলিকলি ট্রেডেড হলে নন-পাবলিকলি ট্রেডেড হলে সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান হলে	 ৩৭.৫% ৪০% ৩৭.৫%	
(৪)	মার্চেন্ট ব্যাংক	৩৭.৫%	
(৫)	সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি	৪৫%	
(৬)	মোবাইল ফোন অপারেটর কোম্পানি	৪৫%	শর্তঃ (১) যদি এরূপ কোনো কোম্পানি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর অধিক হবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর

	কোম্পানির ধরণ	কর হার	মন্তব্য
			করে Publicly traded company তে রূপান্তরিত করে তাহলে তার কর হার হবে ৪০%; (২) এরূপ কোনো কোম্পানি যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়কর এর উপর ১০% হারে কর রেয়াত পাবে।

২০১৮-১৯ কর বছরের জন্য প্রযোজ্য আয়করের হারের তফসিল: পরিশিষ্ট ১ দ্রষ্টব্য।

২। সারচার্জ

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ব্যক্তি-করদাতার ক্ষেত্রে প্রযোজ্য সারচার্জের বিধানে কিছুটা পরিবর্তন আনা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ ধারা 80 অনুযায়ী ব্যক্তি-করদাতাকে যে পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী দাখিল করতে হয় তাতে প্রদর্শনযোগ্য সম্পদের ভিত্তিতে, মোট আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর ২০১৮-১৯ কর বছরে নিম্নবর্ণিত হারে সারচার্জ আরোপযোগ্য হবে:

সম্পদ	সারচার্জের হার	ন্যূনতম সারচার্জ
(ক) নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লাখ টাকা পর্যন্ত-	শূন্য	শূন্য
(খ) নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লাখ টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়; বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি	১০%	৩,০০০ টাকা
(গ) নীট পরিসম্পদের মূল্যমান পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়-	১৫%	

সম্পদ	সারচার্জের হার	ন্যূনতম সারচার্জ
(ঘ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়-	২০%	৫,০০০ টাকা
(ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়-	২৫%	
(চ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর-	৩০%	

এক বা একাধিক সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত গৃহ-সম্পত্তির মোট আয়তন ৮,০০০ বর্গফুট অতিক্রম করলেই সারচার্জ আরোপযোগ্য হবে।

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২০১৭-১৮ কর বছর হতে ২.৫% হারে সারচার্জ আরোপ হচ্ছে। এ সারচার্জ ২০১৮-১৯ কর বছরেও বহাল থাকবে।

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ যে কোন তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোন ব্যক্তি-করদাতার নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লাখ টাকা অতিক্রম করলে বা অন্যান্য শর্ত পূরণ করলে তাকে নীট সম্পদের ভিত্তিতে প্রদেয় সারচার্জ এবং তার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ- উভয়টি পরিশোধ করতে হবে।

সারচার্জের পরিবর্তিত বিধান ২০১৮-১৯ কর বছর হতে কার্যকর হবে।

উদাহরণ ২-১

২০১৮-১৯ কর বছরে জনাব মাজহার ঝুমনের মোট আয়ের পরিমাণ ছিল ৮,৫০,০০০ টাকা। পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শিত তথ্য অনুযায়ী জনাব ঝুমন উত্তরাধিকার সূত্রে ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় ৩,০০০ বর্গফুট আয়তনের এবং রংপুর সিটি কর্পোরেশন এলাকায় ৫,৫০০ বর্গফুট আয়তনের গৃহ সম্পত্তির মালিক। “উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত” উল্লেখ করে করদাতা উক্ত গৃহ সম্পত্তির কোন মূল্য পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শন করেননি। তবে হাতে নগদ, ব্যাংক ব্যালেন্স, ইলেকট্রনিক্স, সঞ্চয়পত্র ইত্যাদি বাবদ মোট ৪০ লাখ টাকার নীট পরিসম্পদ প্রদর্শন করা হয়েছে। উক্ত করবছরে করদাতার বিনিয়োগজনিত কর রেয়াতের পরিমাণ ছিল ১৫,০০০ টাকা।

২০১৮-১৯ কর বছরে জনাব মাজহার ঝুমনের আয়কর ও সারচার্জের পরিমাণ হবে নিম্নরূপ:

(ক) আয়কর:

মোট আয়: ৮,৫০,০০০ টাকা।

পরিগণিত আয়কর: ৭০,০০০ টাকা।

কর রেয়াত বাদ দিয়ে নীট প্রদেয় আয়কর: (৭০,০০০ - ১৫,০০০) = ৫৫,০০০ টাকা।

(খ) সারচার্জ

ঢাকা ও রংপুর সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত গৃহ-সম্পত্তির মোট আয়তন ৮,৫০০ বর্গফুট। ফলে করদাতার মোট আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর ১০ শতাংশ সারচার্জ প্রযোজ্য।

সারচার্জের পরিমাণ: ৫৫,০০০ X ১০% = ৫,৫০০ টাকা।

উদাহরণ ২-২

জনাব সুমন চৌধুরী একজন অবসর প্রাপ্ত কর্মকর্তা। ২০১৮-১৯ কর বছরে তার প্রদর্শিত মোট আয়ের পরিমাণ ছিল ২,৫১,০০০ টাকা।

পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শিত তথ্য অনুযায়ী, তার ২টি মোটর গাড়ি রয়েছে, যার মূল্য প্রদর্শন করা হয়েছে ৫০ লাখ টাকা। উক্ত গাড়ি, হাতে নগদ, ব্যাংক ব্যালেন্স, ইলেকট্রনিক্স, সঞ্চয়পত্র ইত্যাদি বাবদ করদাতার প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান ১ কোটি ২৫ লাখ টাকা। মোটর গাড়ি দুটির বিপরীতে করদাতা মোট ৩৭,৫০০ টাকা অগ্রীম আয়কর পরিশোধ করেছেন।

করদাতার ২০১৮-১৯ কর বছরে করদাতাকে ৩৭,৫০০ টাকা X ১০% = ৩,৭৫০ টাকা সারচার্জ প্রদান করতে হবে।

উদাহরণ ২-৩

২০১৮-১৯ কর বছরে মিজ সুবর্ণা আহসান এর মোট আয়ের পরিমাণ ছিল ১০,৭৫,০০০ টাকা এবং প্রযোজ্য আয়কর ৯৬,২৫০ টাকা। পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শিত তথ্য অনুযায়ী করদাতার প্রদর্শিত পরিসম্পদের মূল্যমান ছিল ৫ কোটি টাকা।

করদাতার মোট আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর ১০ শতাংশ সারচার্জ প্রযোজ্য।
সারচার্জের পরিমাণ হবে: ৯৬,২৫০ X ১০% = ৯,৬২৫ টাকা।

উদাহরণ ২-৪
২০১৮-১৯ কর বছরে জনাব মাহতাব উদ্দিন এর মোট আয়ের পরিমাণ ছিল ৮,২৫,০০০ টাকা এবং দাবীকৃত কর রেয়াতের পরিমাণ ছিল ৩০,০০০ টাকা। তিনি পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে মোট ২ কোটি ২৪ লাখ টাকার নীট পরিসম্পদ প্রদর্শন করেছেন। কিন্তু রিটার্ন প্রসেসকালে দেখা যায় যে করদাতার ২ লাখ টাকার সঞ্চয়পত্রে বিনিয়োগ ছিল, যা তার নীট পরিসম্পদে প্রতিফলিত নয়।

এক্ষেত্রে করদাতার প্রদর্শিত নীট পরিসম্পদ ২ কোটি ২৪ লাখ টাকা হলেও প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের পরিমাণ ছিল ২ কোটি ২৬ লাখ টাকা। ফলে করদাতার মোট আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর ১০ শতাংশ সারচার্জ প্রযোজ্য।

ফলে ২০১৮-১৯ কর বছরে জনাব মাহতাব উদ্দিন এর আয়কর ও সারচার্জের পরিমাণ হবে নিম্নরূপ:

(ক) আয়কর:
মোট আয়: ৮,২৫,০০০ টাকা।
পরিগণিত আয়কর: ৬৬,২৫০ টাকা।
কর রেয়াত বাদ দিয়ে নীট প্রদেয় আয়কর: (৬৬,২৫০ – ৩০,০০০) = ৩৬,২৫০ টাকা।

(খ) সারচার্জ
সারচার্জের পরিমাণ: ৩৬,২৫০ x ১০% = ৩,৬২৫ টাকা।

৩। আয়কর অধ্যাদেশের ধারা 2 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 তে আনীত সংশোধনীসমূহ নিম্নরূপ:

(ক) Charitable Purpose এর সংজ্ঞা পরিবর্তন: ক্লজ (16) এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 এর ক্লজ (16) এর charitable purpose এর সংজ্ঞাটি অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। আগে "the advancement of any other object of general public utility" কে charitable purpose হিসেবে গণ্য করার ক্ষেত্রে কোন শর্ত বা সীমা ছিল না। পরিবর্তিত বিধান অনুযায়ী "the advancement of any other object of general public utility" নিম্নবর্ণিত শর্ত ও সীমা সাপেক্ষে charitable purpose হিসেবে গণ্য হবে –

(১) এ ক্ষেত্রে কারবার (trade), বাণিজ্য (commerce) বা ব্যবসা (business) সংক্রান্ত কোনো কার্যক্রমের সংশ্লেষ থাকবে না;

(২) যদি পারিশ্রমিক (consideartion) এর বিনিময়ে সেবা প্রদানের কোনো কার্যক্রম জড়িত থাকে তাহলে সংশ্লিষ্ট আয় বছরে পারিশ্রমিকের মোট পরিমাণ বিশ লাখ টাকার বেশি হবে না।

এ বিধান ২০১৮-১৯ কর বছর থেকে কার্যকর হবে।

(খ) "fees for technical services" এর আওতার স্পষ্টীকরণ: ক্লজ (31) এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 এর ক্লজ (31) তে নতুন একটি Exaplanation সংযোজন করে এ মর্মে স্পষ্ট করা হয়েছে যে, technical services fee, technical assistance fee বা অনুরূপ প্রকৃতির সকল ফি "fees for technical services" এর আওতাভুক্ত হবে।

(গ) Permanent establishment এর সংজ্ঞা সংযোজন: নতুন ক্লজ (44A) এর সংযোজন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশে permanent establishment এর সংজ্ঞা সংযোজন করা হয়েছে। সংযোজিত বিধান অনুযায়ী, ব্যবসা বা পেশা আয়ের ক্ষেত্রে permanent establishment বলতে ব্যবসার সেরূপ নির্দিষ্ট স্থান বা কার্যক্রমকে বুঝাবে যার মাধ্যমে কোনো person এর ব্যবসা বা পেশা সম্পূর্ণ বা আংশিকভাবে পরিচালিত হয় এবং নিম্নবর্ণিত ক্ষেত্রগুলো permanent establishment এর অন্তর্ভুক্ত হবে-

(১) ব্যবস্থাপনার কোনো স্থান;
(২) কোনো শাখা;
(৩) কোনো এজেন্সি;
(৪) কোনো অফিস:
(৫) কোনো গুদাম;
(৬) কোনো কারখানা;

(৭) কোনো কর্মশিবির (a workshop);

(৮) কোনো খনি, তৈল অথবা গ্যাসকূপ, ভূ-গর্ভস্থ খাদ অথবা প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান (exploration), উত্তোলন (exploitation) বা আহরণ (extraction) এর জন্য অন্য কোনো স্থান;

(৯) কোনো খামার (farm) বা বৃক্ষায়ন (plantation) ;

(১০) কোনো নির্মাণ স্থান, কোনো নির্মাণ, স্থাপন বা সংযোজন প্রকল্প বা তদ্ সংশ্লিষ্ট কোনো তদারকী কার্যক্রম;

(১১) কোনো person কর্তৃক বা উক্ত person এর দ্বারা এ উদ্দেশ্যে নিয়োজিত কোনো জনবল কর্তৃক কনসালটেন্সি সেবাসহ কোনো সেবা প্রদান, যদি ঐ ধরনের কার্যক্রম বাংলাদেশে (একই কাজে বা ঐ কাজের সাথে সংশ্লিষ্ট অন্য কোনো কাজে) অব্যাহতভাবে চলে; এবং

(১২) কোনো অনিবাসী person এর সহযোগী সত্ত্বা বা উক্ত অনিবাসী person এর উপর বাণিজ্যিকভাবে নির্ভরশীল কোনো ব্যক্তি (person A), যদি উক্ত সহযোগী সত্ত্বা বা person A বর্ণিত অনিবাসী person এর বাংলাদেশে সম্পাদিত কোনো বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট কোনো কার্যক্রম পরিচালনা করেন।

(ঘ) করারোপিত লভ্যাংশ (Taxed Dividend) এর সংজ্ঞা সংযোজন: নতুন ক্লজ (62B) এর সংযোজন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশে করারোপিত লভ্যাংশ (taxed dividend) এর সংজ্ঞা সংযোজন করা হয়েছে। সংযোজিত বিধান অনুযায়ী, করারোপিত লভ্যাংশ (taxed dividend) বলতে সে নীট লভ্যাংশ আয়কে বুঝাবে যার উপর ইতোমধ্যে আয়কর অধ্যাদেশের আওতায় আয়কর পরিশোধ করা হয়েছে।

উদাহরণ ৩-১

Company B, Company A এর ৫০ শতাংশ শেয়ারের মালিক । ২০১৭-১৮ কর বছরে Company A মোট ১০,০০,০০০ টাকা লভ্যাংশ প্রদান করেছে, যার মধ্যে Company B এর লভ্যাংশ ছিল (১০,০০,০০০ x ৫০%) = ৫,০০,০০০ টাকা।

আয়কর অধ্যাদেশের বিধান অনুযায়ী, Company A লভ্যাংশ প্রদানের সময় Company B এর নিকট হতে উৎসে ২০ শতাংশ হারে (৫,০০,০০০ x ২০%) = ১,০০,০০০ টাকা কর কর্তন এবং অবশিষ্ট (৫,০০,০০০ - ১,০০,০০০) = ৪,০০,০০০ টাকা Company B কে প্রদান করার কথা। Company B এর প্রদেয় কর পরিগণনার ক্ষেত্রে উক্ত উৎসে পরিশোধিত কর ক্রেডিটযোগ্য।

এক্ষেত্রে Company B এর লভ্যাংশ আয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা এবং উক্ত লভ্যাংশের উপর উৎস কর পরিশোধ করা হয়ে থাকলে করারোপিত লভ্যাংশ (taxed dividend) আয়ের পরিমাণ ৪,০০,০০০ টাকা ।

উদাহরণ ৩-২

Company D, Company C এর নিকট হতে ২,০০,০০০ টাকার লভ্যাংশ প্রাপ্ত হয়েছে। Company D এর সকল আয় করমুক্ত বিধায় উক্ত লভ্যাংশের উপর উৎসে কোনোকর কর্তন করা হয়নি এবং Company D উক্ত লভ্যাংশের উপর উৎসে কোনো আয়কর প্রদান করেনি।

এক্ষেত্রে Company D এর প্রাপ্ত লভ্যাংশ ২,০০,০০০ টাকা করারোপিত লভ্যাংশ (taxed dividend) বলে বিবেচিত হবে না।

উদাহরণ ৩-৩

Company B তার বিদেশি সাবসিডিয়ারি Company S এর নিকট হতে নীট ৪,৫০,০০০ টাকার লভ্যাংশ প্রাপ্ত হয়েছে (গ্রস লভ্যাংশ ছিল ৫,০০,০০০ টাকা। উক্ত লভ্যাংশের উপর বিদেশে ১০% হারে উৎসে ৫০,০০০ টাকা কর কর্তন করা হয়েছে এবং অবশিষ্ট ৪,৫০,০০০ টাকা Company B কে remit করা হয়েছে)।

এক্ষেত্রে Company B এর বিদেশ হতে প্রাপ্ত লভ্যাংশের উপর আয়কর অধ্যাদেশের আওতায় বাংলাদেশে কোনো আয়কর পরিশোধ করা হয়নি। ফলে উক্ত ৪,৫০,০০০ টাকা করারোপিত লভ্যাংশ (taxed dividend) বলে বিবেচিত হবে না।

৪। আয়কর অধ্যাদেশের ধারা 18 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 18 এর ক্লজ (2) প্রতিস্থাপন করে অনিবাসীর আয়ের করযোগ্যতার পরিধি সংক্রান্ত বিধানে পরিবর্তন আনা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, অনিবাসীর নিম্নবর্ণিত ক্ষেত্রগুলো হতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো আয় accrue বা arise করলে তা বাংলাদেশে করযোগ্য হবে-

(ক) বাংলাদেশে অবস্থিত কোনো permanent establishment, বা
(খ) বাংলাদেশে থাকা কোনো intangible property সহ বাংলাদেশে থাকা কোনো property, asset, right, বা আয়ের অন্য কোনা উৎস; বা
(গ) বাংলাদেশে অবস্থিত কোনো সম্পত্তি (assets) হস্তান্তর (transfer); বা

(ঘ) বাংলাদেশে অবস্থিত কোনো ক্রেতার নিকট ইলেকট্রনিক কোনো মাধ্যমে কোনো পণ্য বা সেবা বিক্রয়; বা

(ঙ) বাংলাদেশে ব্যবহৃত কোনো intangible property।

ব্যাখ্যা:- ক্লজ (2) এর উদ্দেশ্য পূরণকল্পে,

(ক) বাংলাদেশে নিবাসী কোন কোম্পানির শেয়ার (তা যার হাতেই থাকুকনা কেন) বাংলাদেশে থাকা property বলে গণ্য হবে;

(খ) কোনো intangible property বাংলাদেশে থাকা property বলে গণ্য হবে যদি -

(১) intangible property বাংলাদেশে নিবন্ধিত হয়; বা

(২) intangible property এর মালিক বাংলাদেশে অনিবাসী হলে, যদি উক্ত intangible property বর্ণিত অনিবাসীর বাংলাদেশে অবস্থিত permanent establishment সংশ্লিষ্ট হয়;

(গ) বাংলাদেশে অনিবাসী কোন কোম্পানির শেয়ার হস্তান্তরিত হলে (হস্তান্তর যেখানেই সংঘটিত হোক না কেন) এবং উক্ত কোম্পানির বাংলাদেশে কোনো সম্পত্তি থাকলে উক্ত শেয়ার হস্তান্তর বাংলাদেশে অবস্থিত কোনো সম্পত্তি (assets) হস্তান্তর বলে গণ্য হবে। অর্থাৎ, উক্ত শেয়ার হস্তান্তরজনিত মূলধনী আয় বাংলাদেশে করযোগ্য হবে। তবে এক্ষেত্রে হস্তান্তরিত শেয়ারের যতটুকু মূল্য উক্ত কোম্পানির বাংলাদেশে অবস্থিত সম্পত্তির মূল্যের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত ততটুকু মূল্যের উপর মূলধনী আয় বাংলাদেশে আয় হয়েছে বলে ধরা হবে।

৫। আয়কর অধ্যাদেশের ধারা 19 এর সংশোধন

ঋণ বা দান গ্রহণ: উপধারা (21) এর বিধান সংশোধন এবং উপধারা (26) ও (28) এর বিলোপ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19 এর উপধারা (21), (26) এবং (28) এ ঋণ ও দান গ্রহণ সংক্রান্ত বিধান ছিল। অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে এ তিনটি উপধারার বিধানাবলী অন্তর্ভুক্ত করে উপধারা (21) এর সংশোধন করা হয়েছে।

উপধারা (21) এর সংশোধিত বিধান অনুযায়ী, কোনো করদাতা কোনো আয় বছরে যদি ব্যাংক ট্রান্সফার ছাড়া অন্য কোনো মাধ্যমে কারো নিকট হতে ঋণ বা দান গ্রহণ করে তাহলে উক্ত ঋণ বা দান করদাতার ঋণ গ্রহণ-সংশ্লিষ্ট আয় বছরের “অন্যান্য সূত্রের আয়” হিসেবে গণ্য হবে।

তবে শর্ত থাকে যে-

(ক) এ উপধারার আওতায় আয় হিসেবে বিবেচিত হয়েছে- এরূপ কোনো ঋণ যদি পরবর্তী কোনো আয় বছরে ঋণ গ্রহীতা করদাতাকে পরিশোধ করেন তাহলে উক্ত পরিশোধিত অংক পরিশোধ-সংশ্লিষ্ট আয় বছরের "মোট আয়" আয় পরিগণনা হতে বাদ যাবে;

(খ) কোনো ব্যাংকিং কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ এ উপধারার আওতায় আয় হিসেবে বিবেচিত হবে না;

(গ) কোনো ব্যক্তি-করদাতা (an Assessee, being an individual) কর্তৃক গৃহীত ঋণ বা দান এ উপধারার আওতায় আয় হিসেবে বিবেচিত হবে না যদি-

(১) কোনো আয় বছরে গৃহীত মোট ঋণ বা দানের মোট পরিমাণ যদি ৫ লাখ টাকা অতিক্রম না করে; বা

(২) (ক) স্বামী কর্তৃক স্ত্রীর নিকট হতে, (খ) স্ত্রী কর্তৃক স্বামীর নিকট হতে, এবং (গ) সন্তান কর্তৃক পিতা-মাতার নিকট হতে ঋণ বা দান গ্রহণে যদি ব্যাংকিং বা আনুষ্ঠানিক মাধ্যম জড়িত থাকে।

দান বা ঋণ এর ক্ষেত্রে ব্যাংকিং মাধ্যম (banking channel) জড়িত থাকা বলতে বুঝাবে প্রদানকারী ও গ্রহণকারীর মধ্যে কমপক্ষে যে কোনো একজনের ব্যাংক হিসাবে দান বা ঋণ প্রদান/গ্রহণের প্রমাণ থাকবে।

দান বা ঋণ এর ক্ষেত্রে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত বলতে বুঝাবে দান বা ঋণদাতার নগদ অর্থ সরাসরি দান/ঋণ গ্রহীতার নামে কোনো আনুষ্ঠানিক (formal) সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে। এক্ষেত্রে নগদ দান/ঋণের অর্থ কোন্ সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে তাও সুনির্দিষ্ট থাকতে হবে। কেবল অঙ্গীকারনামা বা নোটারি পাবলিকের মাধ্যমে ঘোষণা দিয়ে দাতা ও গ্রহীতার সম্পদ, দায় ও খরচের বিবরণীতে উক্ত অর্থের প্রতিফলন থাকাটা যথেষ্ট বলে বিবেচিত হবে না। উদাহরণস্বরূপ, নগদ দান গ্রহণ করে তা নগদ তহবিল হিসেবে দান গ্রহীতার সম্পদ বিবরণীতে প্রদর্শন করা হলে উক্ত দানের ক্ষেত্রে আনুষ্ঠানিক মাধ্যম জড়িত নয় বলে বিবেচিত হবে এবং দানটির ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (21) এর বিধান প্রযোজ্য হবে।

ব্যাখ্যা:-

এ উপধারায় দান বা ঋণ এর ক্ষেত্রে "ব্যাংক ট্রান্সফার" বলতে বুঝাবে হিসাব পরিচালনার জন্য আইনত অনুমোদিত কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে প্রদানকারীর হিসাব হতে গ্রহণকারীর হিসাবে অর্থ স্থানান্তর।

উদাহরণ ৫-১

ABC Company Ltd এর একজন পরিচালকের নিকট হতে ৫০ লাখ টাকা ঋণ গ্রহণ করেছে বলে দাবী করে রিটার্ন দাখিল করেছে। উক্ত ঋণ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে নেয়া হয়নি। পরিচালকের সম্পদ, দায় ও খরচের বিবরণীতে উক্ত ঋণ প্রদানের প্রতিফলন আছে।

যেহেতু ঋণটি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গৃহীত হয়নি, তাই উক্ত ঋণ সংশ্লিষ্ট আয় বছরের মোট আয় নিরূপণে ABC Company Ltd এর ''অন্যান্য সূত্রের আয়'' হিসেবে গণ্য হবে।

উদাহরণ ৫-২

হাসান এন্ড এসোসিয়েটস একটি অংশীদারী ফার্ম। ১ আগস্ট ২০১৮ তারিখে উক্ত ফার্ম এর একজন অংশীদার জনাব হাসানুজ্জামান খান এর নিকট হতে ৪ লাখ টাকা ঋণ গ্রহণ করে এবং সংশ্লিষ্ট কর বছরের জন্য দাখিলকৃত হিসাব বিবরণীতে উক্ত ঋণ প্রদর্শন করে। জনাব হাসানুজ্জামান খান এর সম্পদ, দায় ও খরচের বিবরণীতে উক্ত ঋণ প্রদানের প্রতিফলন আছে। যেহেতু ঋণটি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গৃহীত হয়নি, তাই উক্ত ঋণ সংশ্লিষ্ট আয় বছরের মোট আয় নিরূপণে হাসান এন্ড এসোসিয়েটস এর ''অন্যান্য সূত্রের আয়'' হিসেবে গণ্য হবে।

উদাহরণ ৫-৩

জনাব হাসান শিবলী তার ২০১৯-২০ কর বছরের জন্য দাখিলকৃত পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে এক বন্ধুর নিকট হতে ৬ লাখ টাকা নগদ ঋণ গ্রহণ প্রদর্শন করেছেন। যেহেতু উক্ত ঋণ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে নেয়া হয়নি এবং যেহেতু ঋণের অংক ৫ লাখ টাকার বেশি তাই উক্ত ঋণ ২০১৯-২০ কর বছরে জনাব হাসান শিবলীর "অন্যান্য সূত্রের আয়" হিসেবে গণ্য হবে।

উদাহরণ ৫-৪

মিজ সুকণ্যা জামিল ১০ জুলাই ২০১৮ তারিখে তার বোনের নিকট হতে ৩ লাখ টাকা নগদ ঋণ গ্রহণ করেছেন এবং ভাইয়ের নিকট হতে আরো ৪ লাখ টাকা নগদ দান গ্রহণ করেছেন। ২০১৯-২০ কর বছরের জন্য দাখিলকৃত পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে উক্ত ৭ লাখ টাকার প্রতিফলন রয়েছে।

যেহেতু উক্ত ঋণ ও দান কোনোটিই ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে নেয়া হয়নি এবং যেহেতু ঋণ ও দানের সমষ্টি ৫ লাখ টাকার বেশি, তাই ৭ লাখ টাকা ২০১৯-২০ কর বছরে মিজ সুকণ্যা জামিল এর "অন্যান্য সূত্রের আয়" হিসেবে গণ্য হবে।

উদাহরণ ৫-৫

জনাব মাসুদ রানা তার আয়কর রিটার্নে প্রদর্শিত টাকায় ২০১৮ সালের নভেম্বর মাসে স্ত্রীর নামে ৭ লাখ টাকার এফডিআর হিসাব খুলেছেন। মিসেস মাসুদ রানা তার ২০১৯-২০ কর বছরের জন্য দাখিলকৃত সম্পদ বিবরণীতে এফডিআরে বিনিয়োগকে সম্পদ হিসেবে ও এর উৎস হিসেবে স্বামীর নিকট হতে দান প্রাপ্তি প্রদর্শন করেছেন এবং এর স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করেছেন।

এক্ষেত্রে এফডিআরে বিনিয়োগের অর্থ জনাব মাসুদ রানা কর্তৃক নগদে পরিশোধ করা হয়েছে। ফলে এটি একটি নগদ দান। উক্ত দান জনাব মাসুদ রানা (দাতা) ও মিসেস মাসুদ রানা (গ্রহীতা) - উভয়ের ব্যাংক হিসাবে প্রতিফলিত না হলেও দানের অর্থে সরাসরি মিসেস মাসুদ রানার নামে ব্যাংকে এফডিআর হিসাব খোলা হয়েছে বিধায় এ ক্ষেত্রে ব্যাংকিং মাধ্যম জড়িত বলে বিবেচিত হবে। তাই, এ দানের অংক উপধারা (21) এর আওতায় মিসেস মাসুদ রানার অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে না।

উদাহরণ ৫-৬

মিজ্ মৌসুমী খন্দকার তার স্বামীকে ঋণ প্রদান বাবদ তার স্বামীর ব্যাংক হিসাবে ১০ লাখ টাকা জমা করেছেন। মিজ্ মৌসুমী ও তার স্বামীর আয়কর নথিতে বিষয়টির প্রতিফলন আছে এবং ঋণের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত/দাখিল করা হয়েছে।

এ ঋণ প্রদানে ব্যাংকিং মাধ্যম জড়িত বলে বিবেচিত হবে এবং এ ঋণের অংক সংশ্লিষ্ট কর বছরে উপধারা (21) এর আওতায় ঋণ গ্রহীতার অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে না।

উদাহরণ ৫-৭

করদাতা জনাব মঞ্জুর হায়দার খান ২০১৯-২০ কর বছরে তার সম্পদ পরিবৃদ্ধির উৎস হিসেবে পিতার নিকট হতে ৩০ লাখ টাকা নগদ দান প্রাপ্তি প্রদর্শন করেছেন, যা করদাতা ও তার পিতা উভয়ের কর নথিতে প্রদর্শিত আছে। করদাতার পিতা দানের স্বপক্ষে একটি হলফনামাও প্রদান করেছেন।

এক্ষেত্রে নগদ দানের অর্থ কোনো সুনির্দিষ্ট দৃশ্যমান আনুষ্ঠানিক সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে মর্মে প্রমাণ উপস্থাপিত হয়নি, বরং সম্পদ বিবরণী বিশ্লেষণের ফলশ্রুতিতে সৃষ্ট তহবিল ঘাটতির উৎস হিসেবে নগদ দান প্রদর্শিত হয়েছে। তাই উক্ত দানে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত নয় বলে বিবেচিত হবে এবং উক্ত দান উপধারা (21) এর আওতায় ২০১৯-২০ কর বছরে জনাব মঞ্জুর হায়দার খান এর অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে।

উদাহরণ ৫-৮

জনাব তাসনিম শাওন তার পেনশনের টাকা থেকে ছেলের নামে ২০ লাখ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন, যা দালিলিক প্রমাণসহ ছেলের আয়কর নথিতে প্রদর্শন করা হয়েছে। এক্ষেত্রে নগদ দানের অর্থ ব্যবহার করে সঞ্চয়পত্র ক্রয় করা হয়েছে, যা একটি দৃশ্যমান আনুষ্ঠানিক সম্পদ। ফলে উক্ত দানে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত বলে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে ছেলের আয় নির্ধারণের ক্ষেত্রে তা সংশ্লিষ্ট কর বছরে উপধারা (21) এর আওতায় ঋণ গ্রহীতার অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে না।

উদাহরণ ৫-৯

করদাতা মিজ তাসনুবা মৌলি ২০১৯-২০ কর বছরে একটি এপার্টমেন্ট ক্রয়ে ৭৫ লাখ টাকা বিনিয়োগ প্রদর্শন করেন, যার মধ্যে ৪০ লাখ টাকা করদাতার বাবার নামে পরিচালিত এফডিআর (যা করদাতার বাবার আয়কর নথিতে প্রদর্শিত ছিল) নগদায়নপূর্বক সরাসরি ডেভেলাপারকে পরিশোধ করা হয়েছে। করদাতা ও তার বাবার কর নথিতে ৪০ লাখ টাকা নগদ দানের প্রতিফলন রয়েছে। এপার্টমেন্ট ক্রয় এবং এফডিআর নগদায়নের প্রমাণও করদাতার নথিতে প্রদর্শন করা হয়েছে।

এক্ষেত্রে নগদ দানের অর্থ দৃশ্যমান আনুষ্ঠানিক সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে। ফলে উক্ত দানে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত বলে বিবেচিত হবে এবং ২০১৯-২০ কর বছরে মিজ তাসনুবা মৌলি এর আয় নির্ধারণের ক্ষেত্রে তা উপধারা (21) এর আওতায় অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে না।

উল্লেখ্য, ধারা 19 এর উপধারা (21) এর বিধানের আওতায় ঋণ বা দানের করযোগ্যতার ক্ষেত্রে দুটি বিষয় গুরুত্বপূর্ণ। একটি হলো ঋণ/দানকে বিধিবদ্ধভাবে আয় হিসেবে বিবেচনা (statutory deeming of income); অপরটি হলো দান/ঋণের যাচাইযোগ্যতা (verifiability)। কোনো নগদ ঋণ বা দান যদি উপধারা (21) এর আওতায় আয় হিসেবে বিবেচিত নাও হয় (অর্থাৎ বিধিবদ্ধভাবে আয় নাও হয়) তাহলেও সে ঋণ মেনে নেয়ার ক্ষেত্রে উপ কর কমিশনার দান বা ঋণ প্রদানকারীর সামর্থ্যসহ সংশ্লিষ্ট বিষয়াদি যথারীতি পরীক্ষা করে দেখতে পারবেন।

ধরা যাক, একজন করদাতা তার সম্পদ বিবরণীতে পিতার নিকট হতে ১০ লাখ টাকা নগদ দান গ্রহণ প্রদর্শন করেছেন যাতে ব্যাংকিং বা আনুষ্ঠানিক (formal) মাধ্যম জড়িত নেই। এক্ষেত্রে যদি দানের বিষয়টি করদাতার পিতার আয়কর নথির তথ্য, সামর্থ্য বা অন্য কোনো সূত্রে যাচাইযোগ্য হয় তবু উক্ত দান উপধারা (21) এর বিধান অনুযায়ী করদাতার অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে।

অপরদিকে ধরা যাক, একজন করদাতার পিতা নিজের টাকায় সরাসরি ব্যাংকে করদাতার নামে ৫০ লাখ টাকার এফডিআর হিসাব খুলেছেন, যা করদাতা তার সংশ্লিষ্ট

কর বছরে পিতার নিকট দান প্রাপ্তি হিসেবে প্রদর্শন করেছেন। এ ক্ষেত্রে উক্ত দানে ব্যাংকিং মাধ্যম জড়িত বিধায় উপধারা (21) এর প্রযোজ্যতা থাকবে না। তবে উপ কর কমিশনার এফডিআরে বিনিয়োগের উৎস হিসেবে দান মেনে নেয়ার ক্ষেত্রে পিতার সামর্থ্যসহ সংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করে দেখতে পারবেন।

১ জুলাই ২০১৮ বা পরবর্তী সময়ে গৃহীত ঋণ বা দানের ক্ষেত্রে এ পরিবর্তিত বিধান প্রযোজ্য হবে। পরিবর্তিত বিধান কার্যকর হওয়ার পূর্ব পর্যন্ত ঋণ বা দানের বিদ্যমান বিধান বহাল থাকবে।

৬। আয়কর অধ্যাদেশের ধারা 30 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 তে কয়েকটি বিষয়ে সংশোধনী আনা হয়েছে, যা নিম্নে উপস্থাপিত হলো:

(ক) employee এর রিটার্ন সংক্রান্ত তথ্য দাখিলে ব্যর্থতায় বেতন-ভাতাদি খরচ অনুমোদনযোগ্য না হওয়া: ক্লজ (aaaa) এর প্রতিস্থাপন

আগে বিধান ছিল, নিয়োগ সংশ্লিষ্টতার সূত্রে আয়কর রিটার্ন দাখিলে বাধ্য কোনো বেতনভোগী কর্মী ধারা 75 এ বর্ণিত নির্ধারিত সময় বা মঞ্জুরকৃত বর্ধিত সময়সীমার মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থ হলে উক্ত বেতনভোগী কর্মীকে পরিশোধিত বেতন ভাতাদি নিয়োগকর্তার ব্যবসায় বা পেশা খাতের আয় নিরূপণে অনুমোদনযোগ্য খরচ বলে বিবেচিত হবে না। অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে এ বিধান কিছুটা সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী, নিয়োগকর্তা প্রতি বছরের ৩০ এপ্রিল তারিখের মধ্যে ধারা 108A তে বর্ণিতমতে এবং বিধি 23A তে নির্ধারিত ফরমে বেতনভোগী কর্মীর রিটার্ন দাখিল সংক্রান্ত তথ্য আয়কর বিভাগের নিকট দাখিল করবেন।

কোনো বেতনভোগী কর্মীর তথ্য দাখিলে ব্যর্থ হলে উক্ত বেতনভোগী কর্মীকে পরিশোধিত বেতন ভাতাদি নিয়োগকর্তার ব্যবসায় বা পেশা খাতের আয় নিরূপণে অনুমোদনযোগ্য খরচ বলে বিবেচিত হবে না।

[আরো বর্ণনার জন্য অনুচ্ছেদ ১৮ ও ৩১(খ)(৩) দ্রষ্টব্য]

(খ) কর্মকর্তা বা কর্মচারীর পারকুইজিট বাবদ খরচ অনুমোদনের সীমা বৃদ্ধি: ক্লজ (e) এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর বিদ্যমান ক্লজ (e) সংশোধন করা হয়েছে। পূর্বের বিধান অনুসারে কোনো করদাতা তার কর্মকর্তা/কর্মচারীকে বছরে ৪,৭৫,০০০ টাকা পর্যন্ত পারকুইজিট বাবদ অর্থ প্রদান করলে তা করদাতার করযোগ্য আয় নির্ধারণে খরচ হিসেবে বিবেচিত হতো। সংশোধিত বিধান অনুসারে পারকুইজিট বাবদ প্রদত্ত অর্থ বিবেচনার এই সীমা ৪,৭৫,০০০ টাকা হতে বৃদ্ধি করে ৫,৫০,০০০ টাকা করা হয়েছে। কোন কর্মকর্তা/কর্মচারী প্রতিবন্ধী ব্যক্তি হলে তার ক্ষেত্রে পারকুইজিট অনুমোদনের সীমা ২৫,০০,০০০ টাকা অপরিবর্তিত থাকবে।

পরিবর্তিত বিধান ২০১৮-১৯ কর বছর হতে কার্যকর হবে।

(গ) Head office expense, intra-group expense বা সমজাতীয় খরচের অনুমোদনযোগ্য সীমা: ক্লজ (g) এর সংশোধন

কোম্পানী আইন, ১৯৯৪ এর আওতায় নিবন্ধিত নয় এরূপ কোনো কোম্পানি করদাতা Head Office ব্যয় বাবদ আয় বছরে কোনো খরচ করলে উক্ত আয়বছরে করদাতার ব্যবসা বা পেশা খাতে আয় নিরূপণের ক্ষেত্রে প্রদর্শিত নীট মুনাফা (disclosed net profit) এর সর্বোচ্চ ১০ শতাংশ পর্যন্ত খরচ বর্ণিত খাতে অনুমোদনযোগ্য ছিল। অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর বিদ্যমান ক্লজ (g) সংশোধন করে বিধান করা হয়েছে যে কোনো আয় বছরে এরূপ করদাতার head office expense, intra-group expense বা অনুরূপ প্রকৃতির কোনো খরচ থাকলে এ সকল খাতের মোট অনুমোদনযোগ্য খরচের সর্বোচ্চ সীমা হবে সংশ্লিষ্ট আয় বছরে উক্ত করদাতার প্রদর্শিত নীট মুনাফা (disclosed net profit) এর ১০ শতাংশ।

২০১৮-১৯ কর বছর হতে এ বিধান কার্যকর হবে।

উদাহরণ ৬-১

PQH একটি বহুজাতিক কোম্পানি যা কোম্পানী আইন, ১৯৯৪ এর আওতায় নিবন্ধিত নয়। ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আয় বছরে PQH এর প্রদর্শিত নীট মুনাফার পরিমাণ ছিল ১,২৫,৭০,০০০ টাকা। আয় বছরে করদাতা কোম্পানির দাবীকৃত খরচের মধ্যে নিম্নবর্ণিত খরচ অন্তর্ভুক্ত ছিল:

Head Office expenses (paid to Group HQ, Hong Kong):	১০,০০,০০০
Management expenses (paid to Thailand PQH):	৫,৪০,০০০
মোট	১৫,৪০,০০০

এক্ষেত্রে ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আয় বছরে head office expense ও intra-group expense খাতে মোট খরচ ১৫,৪০,০০০ টাকা। কিন্তু ধারা 30 এর ক্লজ (g) অনুযায়ী অনুমোদনযোগ্য খরচ (প্রমাণ সাপেক্ষে) ১,২৫,৭০,০০০ x ১০% = ১২,৫৭,০০০ টাকা। অনুমোদনসীমার অতিরিক্ত খরচ ১৫,৪০,০০০ - ১২,৫৭,০০০ = ২,৮৩,০০০ টাকা, যা ২০১৮-১৯ কর বছরে PQH এর ব্যবসা খাতের আয় নিরূপণে অগ্রাহ্য (disallow) করা হবে।

(ঘ) Royalty, technical services fee, technical know-how fee, technical assistance fee বা সমজাতীয় খরচের অনুমোদনযোগ্য সীমা: ক্লজ (h) এর সংশোধন

কোনো করদাতা আয় বছরে royalty, technical services fee, technical know-how fee, technical assistance fee বা সমজাতীয় কোনো খরচ করলে উক্ত আয় বছরে করদাতার ব্যবসা বা পেশা খাতে আয় নিরূপণের ক্ষেত্রে প্রদর্শিত নীট মুনাফা (disclosed net profit) এর ৮ শতাংশ পর্যন্ত খরচ অনুমোদনযোগ্য ছিল। অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর বিদ্যমান ক্লজ (h) সংশোধন করে বিধান করা হয়েছে যে, কোনো আয় বছরে এরূপ করদাতার royalty, technical services fee, technical know-how fee, technical assistance fee বা সমজাতীয় খরচ থাকলে এ সকল খাতের মোট অনুমোদনযোগ্য খরচের সর্বোচ্চ সীমা হবে নিম্নরূপ:

ব্যবসা বা পেশা শুরুর প্রথম ৩ আয় বছরের ক্ষেত্রে	প্রদর্শিত নীট মুনাফা (disclosed net profit) এর ১০ শতাংশ
পরবর্তী কোনো আয় বছরের ক্ষেত্রে	প্রদর্শিত নীট মুনাফা (disclosed net profit) এর ৮ শতাংশ।

২০১৮-১৯ কর বছর হতে এ বিধান কার্যকর হবে।

উদাহরণ ৬-২

ABC Services Ltd ১ জুলাই ২০১৬ তারিখে ব্যবসা শুরু করেছে। ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আয় বছরে ABC Services Ltd এর প্রদর্শিত নীট মুনাফার পরিমাণ ছিল ১,৫২,৮০,০০০ টাকা। আয় বছরে করদাতা কোম্পানির দাবীকৃত খরচের মধ্যে নিম্নবর্ণিত খরচ অন্তর্ভুক্ত ছিল:

Royalty	১০,৬৩,০০০
Fees for technical services	৭,৭৫,০০০
Technical know-how fee	২,২৩,৭৫০
মোট	২০,৬১,৭৫০

এক্ষেত্রে ABC Services Ltd ব্যবসা শুরুর ৩ বছরের মধ্যে রয়েছে। ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আয় বছরে royalty, fees for technical services এবং technical know-how fee খাতে কোম্পানির মোট খরচ ২০,৬১,৭৫০ টাকা, কিন্তু ধারা 30 এর ক্লজ (h) অনুযায়ী অনুমোদনযোগ্য খরচের সর্বোচ্চ সীমা (প্রমাণ সাপেক্ষে) ১,৫২,৮০,০০০ x ১০% = ১৫,২৮,০০০ টাকা। অনুমোদনসীমার অতিরিক্ত খরচ ২০,৬১,৭৫০ - ১৫,২৮,০০০ = ৬,৩৩,৭৫০ টাকা, যা ২০১৮-১৯ কর বছরে ABC Services Ltd এর ব্যবসা খাতের আয় নিরূপণে অগ্রাহ্য (disallow) করা হবে।

৭। আয়কর অধ্যাদেশের ধারা 35 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 35 এ সংশোধনী আনা হয়েছে। সংশোধিত উপধারা (3) এর বিধান অনুযায়ী, The Companies Act, 1913 বা কোম্পানী আইন, ১৯৯৪ মোতাবেক সংজ্ঞায়িত কোনো কোম্পানিকে আয়কর রিটার্ন দাখিলের সময় নিরীক্ষিত হিসাব বিবরণী দাখিল করতে হবে। উক্ত নিরীক্ষিত হিসাব বিররণী কোনো চার্টার্ড একাউন্টেন্ট কর্তৃক এ মর্মে প্রত্যায়িত হবে যে-

(ক) বিবরণী (Statements) প্রস্তুত ও Report করার ক্ষেত্রে Bangladesh Accounting Standard (BAS) এবং Bangladesh Financial Reporting Standard (BFRS) বা বাংলাদেশে গৃহীত International Accounting Standards (IAS) and International Financial Reporting Standards (IFRS) এর অনুসরণ করা হয়েছে;

(খ) নিরীক্ষার ক্ষেত্রে Bangladesh Standards on Auditing (BSA) অনুসরণ করা হয়েছে।

এছাড়া, নিরীক্ষিত হিসাব বিররণীতে চার্টার্ড একাউন্টেন্ট ছাড়াও কোম্পানির সংশ্লিষ্ট ব্যক্তি এবং উপযুক্ত সংখ্যক পরিচালকের (কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ১৮৯ এর উপধারা (১) এবং (২) তে বর্ণিত বিধানমতে) স্বাক্ষর থাকতে হবে।

উপ কর কমিশনার ICAB প্রদত্ত ওয়েবসাইটে (প্রযোজ্য ক্ষেত্রে) করদাতা কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত হিসাবের সত্যতা যাচাই করবেন।

সংশোধিত উপধারা (4) এ বলা হয়েছে, যদি উপধারা এর বিধান পরিপালিত না হয় অথবা দাখিলকৃত নিরীক্ষিত হিসাব যাচাই করে সঠিক না পাওয়া যায় তাহলে উপ কর কমিশনার উক্ত হিসাব বিবরণী অগ্রাহ্য করতে পারবেন।

৮। আয়কর অধ্যাদেশের ধারা 52AA এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA এর উপধারা (1) এর table এর ক্রমিক নং 13 সংশোধন করে অ্যাপস ভিত্তিক রাইড শেয়ারিং সার্ভিসকে উৎসে কর কর্তনের আওতায় আনা হয়েছে। রাইড শেয়ারিং সার্ভিস বলতে অ্যাপস ভিত্তিক রাইড শেয়ারিং সেবাদাতা প্রতিষ্ঠানের প্লাটফরম ব্যবহার করে মোটরকার, জিপ, মাইক্রোবাস, থ্রি-হুইলার এবং মোটরসাইকেল ভাড়া প্রদান করাকে বুঝাবে।

এক্ষেত্রে সংশ্লিষ্ট আয় বছরে প্রাপ্ত আয়ের ভিত্তিমূল্য ২৫,০০,০০০ টাকা পর্যন্ত হলে ৩ শতাংশ হারে এবং ভিত্তি মূল্য ২৫,০০,০০০ টাকার এর বেশী হলে ৪ শতাংশ হারে উৎস কর কর্তন প্রযোজ্য হবে। রাইড শেয়ারিং সেবাদাতা প্রতিষ্ঠান কর সংগ্রহকারী কর্তৃপক্ষ হিসাবে কর সংগ্রহ ও সরকারি কোষাগারে জমা প্রদান করবেন।

৯। আয়কর অধ্যাদেশের ধারা 52Q এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52Q এর শেষে নতুন প্রোভাইসো সংযোজন করা হয়েছে। নতুন সংযোজিত প্রোভাইসো এর বিধান অনুযায়ী, বাংলাদেশে নিবাসী কোনো করদাতা যদি বাংলাদেশে প্রস্তুতকৃত সফটওয়্যার বা বাংলাদেশ হতে কোনো সেবা বিদেশে বিক্রয় করে তার বিপরীতে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা ব্যাংকের মাধ্যমে দেশে আনয়ন করে এবং ঐ সফটওয়্যার বা সেবার আয় যদি 6th Schedule Part- A para- 33 এর আওতায় কর অব্যাহতিপ্রাপ্ত হয় তাহলে

বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সে অর্থ গ্রাহককে প্রদান/ক্রেডিটের সময় সংশ্লিষ্ট ব্যাংক ধারা 52Q অনুযায়ী উৎসে কর কর্তন করবে না।

১০। আয়কর অধ্যাদেশের ধারা 52U এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52U প্রতিস্থাপন করে নতুন বিধান করা হয়েছে। নতুন বিধান মোতবেক ধারা 52U এর উপধারা (1) অনুযায়ী, বাণিজ্যিক বিক্রয় অথবা প্রক্রিয়াকরণ বা রূপান্তরের পর পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে যদি পণ্য কেনা হয় এবং যদি উক্ত ক্রয়ের ক্ষেত্রে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ক্রেতাকে Local LC বা অন্য কোনো financing agreement এর আওতায় ক্রেডিট সুবিধা প্রদান করে তাহলে উক্ত ক্রয় বাবদ ক্রেতার পক্ষে বর্ণিত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বিক্রেতাকে যে অর্থ পরিশোধ করবে তার উপর ৩ শতাংশ হারে উৎস কর কর্তন করবে।

লোকাল এলসি বাদে অন্য কোনো ফাইন্যান্সিং এগ্রিমেন্ট (যেমন: ইনভয়েস ফাইন্যান্সিং, সাপ্লাইয়ার ফাইন্যান্সিং অথবা অন্য কোনো নামের ক্রেডিট সুবিধা, যা প্রকৃতিগতভাবে লোকাল এলসি'র অনুরূপ) এর আওতায় মালামাল ক্রয়ের ক্ষেত্রেও উৎস কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে।

আগের মতোই, বাংলাদেশ থেকে বিদেশে ১০০% পণ্য রপ্তানি সংক্রান্ত আদেশ (মাস্টার এলসি) বাস্তবায়নের লক্ষ্যে রপ্তানির আদেশাধীন পণ্য প্রস্তুতে জড়িত আনুষঙ্গিক অন্যান্য পণ্য ব্যাক-টু-ব্যাক এলসি'র মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে ধারা 52U এর আওতায় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

উদাহরণ ১০-১

AB Consumer Products Ltd, অনিক এন্টারপ্রাইজ হতে PQ ব্যাংকে খোলা লোকাল এলসির মাধ্যমে ৫০ লাখ টাকার উৎপাদনের কাঁচামাল ক্রয় করে। এক্ষেত্রে কাঁচামালের মূল্য বাবদ অনিক এন্টারপ্রাইজকে অর্থ পরিশোধকালে PQ ব্যাংক ধারা 52U এর উপধারা (1) অনুযায়ী ৩ শতাংশ হারে উৎস কর কর্তন করবে।

যে ক্ষেত্রে ডিস্ট্রিবিউটরের মাধ্যমে পণ্য বিক্রয় করা হয় সে ক্ষেত্রে ডিস্ট্রিবিউটরগণ অনেক সময় বিক্রেতাকে ইনভয়েসকৃত বা বিক্রয়কৃত পণ্যের মূল্য পরিশোধে Distributor financing arrangement এর আওতায় বিভিন্ন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে ক্রেডিট সুবিধা গ্রহণ করে। উপধারা (2) এর বিধান অনুযায়ী,

কোনো person এর পণ্য ডিস্ট্রিবিউটরের নিকট বিক্রয় বা ইনভয়েস করার সময় ক্রেডিট সুবিধার আওতায় কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ডিস্ট্রিবিউটরের পক্ষে বর্ণিত person কে অর্থ পরিশোধ করে, তাহলে উক্ত পরিশোধকৃত অর্থের উপর ১ শতাংশ হারে উৎস কর কর্তন করতে হবে।

উদাহরণ ১০-২

রাহাত ডিস্ট্রিবিউশন, AB Consumer Products Ltd এর একজন ডিস্ট্রিবিউটর। PQ ব্যাংক ডিস্ট্রিবিউটর ফাইন্যান্সিং স্কীমের আওতায় রাহাত ডিস্ট্রিবিউশনকে একটি ক্রেডিট সুবিধা প্রদান করেছে। উক্ত ক্রেডিট সুবিধা অনুযায়ী, AB Consumer Products Ltd ইনভয়েস করে বিক্রয়/ডিস্ট্রিবিউশনের জন্য কোনো পণ্য রাহাত ডিস্ট্রিবিউশনকে প্রদান করলে ইস্যুকৃত ইনভয়েস এর বিপরীতে PQ ব্যাংক AB Consumer Products Ltd কে ইনভয়েসে নির্ধারিত অর্থ পরিশোধ করবে। এক্ষেত্রে PQ ব্যাংক AB Consumer Products Ltd কে ইনভয়েসকৃত অর্থ পরিশোধকালে ১ শতাংশ হারে উৎস কর কর্তন করবে।

কতিপয় নিত্যপ্রয়োজনীয় পণ্যকে আগের মতো ধারা 52U এর আওতার বাইরে রাখা হয়েছে। এগুলো হলো- rice, wheat, potato, onion, garlic, peas, chickpeas, lentils, ginger, turmeric, dried chillies, pulses, maize, coarse flour, flour, salt, edible oil, sugar, black pepper, cinnamon, cardamom, clove, date, cassia leaf, computer or computer accessories, jute, cotton, yarn and all kinds of fruits.

চুক্তি/সরবরাহ ইত্যাদি যে সব ক্ষেত্রে ধারা 52 প্রযোজ্য সে সকল ক্ষেত্রে লোকাল এলসি বা অন্য কোনো ফাইন্যান্সিং এগ্রিমেন্ট জড়িত থাকলেও ধারা 52U প্রযোজ্য হবে না; তখন ধারা 52 এবং বিধি 16 এর আওতায় উৎস কর প্রযোজ্য হবে।

উদাহরণ ১০-৩

ABC Ltd ৫ কোটি টাকা মূল্যের যন্ত্রপাতি সরবরাহের জন্য একটি সরকারি দপ্তরের সাথে চুক্তিবদ্ধ হয়। উক্ত যন্ত্রপাতির মধ্যে ২ কোটি টাকার যন্ত্রপাতি সরবরাহ করার জন্য XYZ Ltd কে সাব-কন্ট্রাক্ট প্রদান করে এবং উক্ত সাব-কন্ট্রাক্ট মূল্য পরিশোধের জন্য XYZ Ltd এর অনুকূলে ABC Ltd একটি লোকাল এলসি প্রদান করে।

এক্ষেত্রে XYZ Ltd এর নিকট হতে লোকাল এলসির মাধ্যমে যন্ত্রপাতি সংগ্রহ করা হলেও তা পুনঃবিক্রয় অথবা পুনঃপ্রক্রিয়াকরণের মাধ্যমে বিক্রয়ের বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রয় করা হয়নি, বরং তা ABC Ltd এর চুক্তি সম্পাদনের জন্য ক্রয় করা হয়েছে। ফলে এক্ষেত্রে ধারা

52U প্রযোজ্য হবে না; XYZ Ltd কে পরিশোধকৃত অর্থের উপর ধারা 52 এবং বিধি 16 অনুযায়ী উৎস কর প্রযোজ্য হবে। XYZ Ltd কে সাব-কন্ট্রাক্ট বাবদ অর্থ পরিশোধের সময় নিশ্চিত করতে হবে যে ধারা 52 এবং বিধি 16 অনুযায়ী উৎস করের অর্থ সরকারি কোষাগারে জমা হয়েছে।

এ ধারায় ''ডিস্ট্রিবিউটর'' বলতে সে person কে বুঝাবে যে অন্য কোনো person এর উৎপাদিত পণ্য সরাসরি বা কোনো মাধ্যম (intermediary) ব্যবহার করে চূড়ান্ত ক্রেতা (end customer) এর নিকট সরবরাহ করার কাজ সম্পাদন করে।

১ জুলাই ২০১৮ তারিখ হতে পরিশোধকৃত অর্থের ক্ষেত্রে উৎস করের এ বিধান কার্যকর হবে।

১১। করারোপিত লভ্যাংশের উপর উৎস কর অব্যাহতি: আয়কর অধ্যাদেশের ধারা 54 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 54 এর পরে নতুন প্রোভাইসো সংযোজনের মাধ্যমে বিধান করা হয়েছে, কোনো কোম্পানি যদি Sixth Schedule এর Part A এর অনুচ্ছেদ 60 অনুযায়ী করমুক্ত কোনো করারোপিত লভ্যাংশ (taxed dividend) বাংলাদেশে নিবাসী কোনো কোম্পানির নিকট বণ্টন করে তাহলে উক্ত লভ্যাংশের উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

বর্ণিত প্রোভাইসো অনুযায়ী উৎস কর প্রযোজ্য না হওয়ার জন্য Sixth Schedule এর Part A এর অনুচ্ছেদ 60 তে বর্ণিত শর্তাদি অবশ্যই পূরণ হতে হবে।

[আরো বর্ণনার জন্য অনুচ্ছেদ ৩(ঘ) ও ৩০ দ্রষ্টব্য]।

উদাহরণ ১১-১
কোম্পানি SCo, কোম্পানি ACo এর ৫০ শতাংশ শেয়ারের মালিক। কোম্পানি HCo, কোম্পানি SCo এর ৪০ শতাংশ শেয়ারের মালিক। HCo বাংলাদেশে নিবাসী কোম্পানি।

১৫ ডিসেম্বর ২০১৭ তারিখে ACo ১০,০০,০০০ টাকা লভ্যাংশ প্রদান করে। ৫০ শতাংশ মালিকানা থাকায় এক্ষেত্রে SCo এর লভ্যাংশ আয়ের পরিমাণ ছিল (১০,০০,০০০ x ৫০%) = ৫,০০,০০০ টাকা। ACo, SCo কে লভ্যাংশ প্রদানের সময় ২০ শতাংশ হারে উৎসে (৫,০০,০০০ x ২০%) = ১,০০,০০০ টাকা আয়কর কর্তন করে। উক্ত লভ্যাংশ আয় SCo

এর ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আয় বছরের মোট আয়ে অন্তর্ভুক্ত ছিল। ACo এর নিকট হতে প্রাপ্ত লভ্যাংশ আয় ছাড়া SCo এর আর কোনো আয় নেই।

এক্ষেত্রে SCo এর লভ্যাংশ আয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা এবং করারোপিত লভ্যাংশ (taxed dividend) এর পরিমাণ ৪,০০,০০০ টাকা ।

৩০ নভেম্বর ২০১৮ তারিখে SCo উক্ত করারোপিত লভ্যাংশ ৪০০,০০০ টাকা শেয়ারহোল্ডারদের নিকট বণ্টন করে। ৪০ শতাংশ শেয়ারের মালিক হিসেবে এক্ষেত্রে HCo লভ্যাংশ পায় (৪,০০,০০০ x ৪০%) = ১,৬০,০০০ টাকা। এক্ষেত্রে যেহেতু বাংলাদেশে করারোপিত লভ্যাংশ বাংলাদেশে নিবাসী কোম্পানির নিকট বণ্টিত হচ্ছে, তাই Sixth Schedule এর Part A এর অনুচ্ছেদ 60 এ বর্ণিত শর্ত পূরণ হলে HCo কে ডিভিডেন্ড পরিশোধকালে SCo কর্তৃক ধারা 54 অনুযায়ী উৎসে কর কর্তন করতে হবে না।

উদাহরণ ১১-২

উপরের উদাহরণের ক্ষেত্রে ধরা যাক, ACo এর নিকট হতে প্রাপ্ত লভ্যাংশ আয় ছাড়াও SCo এর ব্যবসা খাতে আয় ছিল ৬,০০,০০০ টাকা এবং ৩০ নভেম্বর ২০১৮ তারিখে SCo ৬,০০,০০০ + ৪,০০,০০০ = ১০,০০,০০০ টাকা লভ্যাংশ হিসেবে বণ্টন করে। ৪০ শতাংশ শেয়ারের মালিক হিসেবে এক্ষেত্রে HCo লভ্যাংশ পায় নিম্নরূপ:

করারোপিত লভ্যাংশ আয় বণ্টন বাবদ লভ্যাংশ: (৪,০০,০০০ x ৪০%)	= ১,৬০,০০০
ব্যবসা আয় বণ্টন বাবদ লভ্যাংশ: (৬,০০,০০০ x ৪০%)	= ২,৪০,০০০
মোট	৪,০০,০০০

এক্ষেত্রে যেহেতু বাংলাদেশে করারোপিত লভ্যাংশ ১,৬০,০০০ টাকা বাংলাদেশে নিবাসী কোম্পানির নিকট বণ্টিত হচ্ছে, তাই Sixth Schedule এর Part A এর অনুচ্ছেদ 60 এ বর্ণিত শর্ত পূরণ হলে HCo কে প্রদত্ত লভ্যাংশের মধ্যে ১,৬০,০০০ টাকা পরিশোধের ক্ষেত্রে SCo কর্তৃক ধারা 54 অনুযায়ী উৎসে কর কর্তন করতে হবেনা, কিন্তু ২,৪০,০০০ টাকা পরিশোধের ক্ষেত্রে তার উপর ২০ শতাংশ হারে কর কর্তন করতে হবে।

১ জুলাই ২০১৮ তারিখ হতে লভ্যাংশ পরিশোধের ক্ষেত্রে উৎস করের পরিবর্তিত বিধান কার্যকর হবে।

১২। আয়কর অধ্যাদেশের ধারা 56 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ অনুযায়ী আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 56 সংশোধন করে অনিবাসীর নিকট হতে উৎস কর কর্তন সংক্রান্ত বিধানে কতিপয় পরিবর্তন আনা হয়েছে, যথা:-

(ক) নিম্নবর্ণিত অনিবাসীগণ ধারা 56 এর আওতার বাইরে থাকবেন-

(১) শিপিং ব্যবসা পরিচালনাকারী যেসব অনিবাসী করদাতার ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের ধারা 102 প্রযোজ্য;
(২) বিমান পরিবহন ব্যবসা পরিচালনাকারী যেসব অনিবাসী করদাতার ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের ধারা 103A প্রযোজ্য;

১ জুলাই ২০১৮ তারিখ হতে অনিবাসীকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎস করের এ বিধান কার্যকর হবে।

(খ) ধারা 56 এর উপধারা (2) এর আগের বিধান ছিল, Board যদি কোনো অনিবাসীকে এ মর্মে সনদ প্রদান করে যে উক্ত অনিবাসীর আয়ের উপর বাংলাদেশে কোনো আয়কর প্রদেয় নয় বা আয়ের উপর সর্বোচ্চ হার অপেক্ষা কম হারে আয়কর প্রদেয় হয় তাহলে প্রযোজ্য ক্ষেত্রে উৎস কর কর্তন না করে বা সনদ অনুযায়ী হ্রাসকৃতহারে উৎস কর কর্তন করে অনিবাসীকে আয়ের অর্থ পরিশোধ করা হবে।

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 56 এর উপধারা (2) এর বিধান প্রতিস্থাপন করে Board কর্তৃক সনদ প্রদানের ক্ষেত্র আরো স্পষ্ট করা হয়েছে। পরিবর্তিত বিধানে বলা হয়েছে, প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে Board যদি এ মর্মে সন্তুষ্ট হয় যে কর চুক্তি বা অন্য কোনো কারণে কোনো অনিবাসীর আয়ের উপর বাংলাদেশে কোনো আয়কর প্রদেয় নয় বা আয়ের উপর হ্রাসকৃত হারে আয়কর প্রদেয়, তাহলে প্রযোজ্য ক্ষেত্রে উৎস কর কর্তন না করে বা সনদ অনুযায়ী হ্রাসকৃতহারে উৎস কর কর্তন করে অনিবাসীকে আয়ের অর্থ পরিশোধ করা যাবে মর্মে Board সনদ ইস্যু করতে পারবে।

১ জুলাই ২০১৮ তারিখ হতে অনিবাসীকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎস করের এ বিধান কার্যকর হবে।

(গ) ধারা 56 তে নতুন উপধারা 2A সংযোজনের মাধ্যমে বিধান করা হয়েছে যে, অনিবাসী করদাতার কোনো আয়ের উপর 56 ধারায় কর্তিত কর করদাতার ন্যূনতম

করদায় হিসাবে বিবেচিত হবে। করদাতা কর্তৃক পরিশোধিত উক্ত কর প্রত্যর্পণ হবে না বা অন্য কোনো কর দাবীর সাথে সমন্বয় করা যাবে না।

২০১৮-১৯ কর বছর হতে এ বিধান কার্যকর হবে।

১৩। আয়কর অধ্যাদেশের ধারা 58 এর সংশোধন

কোনো ব্যক্তি প্রতিমাসে বিভিন্ন খাতে যে উৎস কর কর্তন বা আদায় করেন তার তথ্য আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rules 18 এ বিধৃত বিবরণীতে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিধান রয়েছে। উক্ত বিধানটি অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আরো স্পষ্ট করা হয়েছে।

উল্লিখিত উৎস করের বিবরণী যথাসময়ে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124 অনুযায়ী জরিমানার বিধান রয়েছে।

১৪। আয়কর অধ্যাদেশের ধারা 75 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ অনুযায়ী আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75 সংশোধন করে রিটার্ন দাখিল সংক্রান্ত বিধানে কতিপয় পরিবর্তন আনা হয়েছে, যথা:-

(ক) রাইড শেয়ারিং ব্যবসায় অংশগ্রহণকারী মোটরযান মালিকদের জন্য রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে UBER, Pathao সহ বিভিন্ন রাইড শেয়ারিং arrangement এ অংশগ্রহণকারী মোটরযান (গাড়ি, থ্রি-হুইলার, মোটরবাইক, ইত্যাদি) মালিকদের বাধ্যতামূলক আয়কর রিটার্ন দাখিলের আওতায় আনা হয়েছে।

২০১৮-১৯ করবছর হতে এ বিধান কার্যকর হবে।

(খ) কোনো অনিবাসী ব্যক্তি করদাতা (individual) এর যদি বাংলাদেশে fixed base না থাকে এবং অন্যান্য শ্রেণির অনিবাসী করদাতার যদি বাংলাদেশে Permanent establishment না থাকে তবে উক্তরূপ অনিবাসী করদাতাকে বাংলাদেশে আয়কর রিটার্ন দাখিল করতে হবে না মর্মে বিধান করা হয়েছে।

১৫। আয়কর অধ্যাদেশের ধারা 82BB এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ভুল সংশোধনী রিটার্নের গ্রহণপত্র প্রদানের সময়সীমা বৃদ্ধি করে ৬০ দিনের পরিবর্তে ৯০ দিন এবং রিটার্ন প্রসেসিং এর দাবীনামা জারীর সময়সীমা বৃদ্ধি করে ৬ মাসের পরিবর্তে ৯ মাস করা হয়েছে।

কোনো কর বছরের রিটার্নে অব্যবহিত পূর্ববর্তী কর বছরে কর নিরূপিত মোট আয় অপেক্ষা ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শন করা হলে কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে রিটার্নটি অডিটের জন্য নির্বাচন করা হবে না মর্মে বিধান রয়েছে। ধারা 82BB এর উপধারা (7) এর প্রোভাইসোতে নতুন ক্লজ (c) সংযোজন করে বিধান করা হয়েছে, কোনো করদাতা ধারা 75A, 108 এবং 108A এর বিধান পরিপালন না করলে ১৫ শতাংশ বেশি আয় প্রদর্শনের শর্ত পূরণ সত্ত্বেও ঐ করদাতার সংশ্লিষ্ট কর বছরের রিটার্ন অডিটের জন্য নির্বাচন করা যাবে।

ধারা 82BB এর পরিবর্তিত বিধান এ ধারার আওতায় ২০১৯-২০ কর বছরে দাখিলকৃত রিটার্নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৬। আয়কর অধ্যাদেশের ধারা 82C এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 82C তে নতুন উপধারা (8) সংযোজন করে বিধান করা হয়েছে, কোনো করদাতার আয়ের উপর ভুলক্রমে প্রযোজ্য হারের চেয়ে বেশি বা কম হারে উৎস কর কর্তন/আদায় করা হয়ে গেলে ধারা 82C এর আওতায় ন্যূনতম কর পরিগণনায় উক্ত বেশি বা কম অংক বিবেচ্যে হবেনা। বরং, প্রকৃত কর্তনযোগ্য বা আদায়যোগ্য উৎস করের অংকের ভিত্তিতে ন্যূনতম কর পরিগণনা করা হবে।

১৭। আয়কর অধ্যাদেশের ধারা 94 এর সংশোধন

আপীল, ট্রাইব্যুনাল বা রিভিশন আদেশ, উচ্চ আদালতের আদেশ, ইত্যাদি ক্ষেত্রে কোনো কর বছরের কর মামলা set aside করে পুনরায় কর নির্ধারণের আদেশ করা হলে আগে উপ কর কমিশনারকে ৪৫ দিনের মধ্যে উক্ত কর নির্ধারণী আদেশ প্রদান করতে হতো। অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর মাধ্যমে আদেশ প্রণয়নের এ সময়সীমা ৪৫ দিন হতে বাড়িয়ে ৬০ দিন করা হয়েছে।

১৮। বেতনভোগী কর্মীদের রিটার্ন দাখিল সংক্রান্ত তথ্য প্রদান: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 108A এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 108A সন্নিবেশ করে বেসরকারী নিয়োগকর্তার ব্যবসা/পেশায় কর্মরত বেতনভোগী কর্মী (employee)দের রিটার্ন দাখিলের তথ্য দাখিলের নতুন বিধান করা হয়েছে।

ধারা 108A এর বিধান অনুযায়ী, প্রত্যক বছরের ১৫ এপ্রিল তারিখের মধ্যে প্রত্যেক employee তার নিয়োগকর্তার নিকট নিম্নবর্ণিত তথ্য প্রদান করবেন-

(ক) টিআইএন;
(খ) রিটার্ন দাখিলের তারিখ;
(গ) রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্রে উল্লিখিত ক্রমিক নম্বর (যা কর অফিস হতে দেয়া হয়)।

যে সকল employee এর জন্য ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে সে সকল employee নিয়োগকর্তাকে এ তথ্যসমূহ জানাবেন।

নিজ নিজ employee এর রিটার্ন দাখিলের তথ্য প্রত্যেক নিয়োগকর্তা কর্তৃক বিধি 23A এ নির্ধারিত বিবরণীর মাধ্যমে ৩০ এপ্রিল তারিখের মধ্যে কর অফিসকে অবহিত করতে হবে।

সাধারণভাবে, ধারা 108 এর অধীনে দাখিলকৃত বিবরণীতে যে সকল কর্মীর তথ্য অন্তর্ভুক্ত করার কথা সে সকল কর্মীর তথ্যই ধারা 108A এর অধীনে দাখিলকৃত বিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে।

১৯। বিভিন্ন এজেন্সি কর্তৃক কর বিভাগের নিকট স্বয়ংক্রিয়ভাবে তথ্য প্রেরণ: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 113A এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 113A সন্নিবেশ করে বিধান করা হয়েছে যে, Board, অফিসিয়াল গেজেটে প্রজ্ঞাপন জারীর মাধ্যমে, যে কোনো কর্তৃপক্ষ, person বা সত্ত্বাকে যে কোনো শ্রেণির person এর সম্পদ, দায়, আয়, ব্যয় বা লেনদেন সম্পর্কিত তথ্যসহ যে কোনো তথ্য ডিজিটাল

পদ্ধতিতে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট বা বোর্ড নির্দেশিত কোনো আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য নির্দেশ দিতে পারবে।

কোনো কর্তৃপক্ষ, person বা সত্ত্বা কর্তৃক ডিজিটাল পদ্ধতিতে তথ্য প্রেরণ বলতে বুঝাবে-

(ক) Board এর system এ ডেটা upload করা;

(খ) Board এর digital system বা electronic system এ ডেটা share করা; এবং

(গ) Board বা আয়কর কর্তৃপক্ষকে বর্ণিত কর্তৃপক্ষ, person বা সত্ত্বার system এ digital access বা electronic access প্রদান করা।

২০। আয়কর অধ্যাদেশের ধারা 124 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 124 এর জরিমানার হার নিম্নরূপভবে পরিবর্তন করা হয়েছে-

(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75A এর বিধান অনুসারে উৎস করের রিটার্ন অথবা ধারা 108 বা 108A এর বিধান অনুসারে বিবরণী দাখিলের ব্যর্থতায় এককালীন জরিমানার পরিমাণ হবে সর্বশেষ নির্ধারিত করের ১০ শতাংশ অথবা পাঁচ হাজার টাকা - দু'য়ের মধ্যে যেটি বেশী সে অংক। এ ছাড়া, বর্ণিত রিটার্ন বা বিবরণী দাখিলে ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য এক হাজার টাকা হারে জরিমানা আরোপযোগ্য হবে।

(খ) ধারা 58, 109 বা 110 এর বিধান অনুসারে বিবরণী/তথ্য দাখিলে ব্যর্থতায় অথবা ধারা 184C এর বিধান পরিপালনে ব্যর্থতায় এককালীন জরিমানার পরিমাণ হবে পাঁচ হাজার টাকা। এ ছাড়া, বর্ণিত বিধান পরিপালনে ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য এক হাজার টাকা হারে জরিমানা আরোপযোগ্য হবে।

(গ) ধারা 113 এর বিধান অনুসারে তথ্য দাখিলে ব্যর্থতায় এককালীন জরিমানার পরিমাণ হবে পঁচিশ হাজার টাকা। ব্যর্থতা অব্যাহত থাকলে প্রতিদিনের জন্য পাঁচশত টাকা হারে জরিমানা আরোপযোগ্য হবে।

(ক) ও (খ) এর ক্ষেত্রে উপ কর কমিশনার জরিমানা আরোপ করবেন। (গ) এর ক্ষেত্রে যে আয়কর কর্তৃপক্ষ তথ্য চেয়ে নোটিশ জারী করবেন সেই আয়কর কর্তৃপক্ষ জরিমানা আরোপ করবেন।

২১। আয়কর অধ্যাদেশের ধারা 132 এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 132 প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধান অনুযায়ী, কর আপীলাত ট্রাইব্যুনাল অথবা উপ কর কমিশনার ছাড়া অন্য কোনো আয়কর কর্তৃপক্ষ যদি আয়কর অধ্যাদেশের আওতায় কোনো জরিমানা আরোপের আদেশ জারী করেন তাহলে উক্ত ট্রাইব্যুনাল বা আয়কর কর্তৃপক্ষ সে জরিমানা আরোপের আদেশের একটি কপি সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট প্রেরণ করবেন।

এখানে যে person এর উপর জরিমানা আরোপ করা হয়েছে সে person এর কর নির্ধারণ বা কর আদায় যে উপ কর কমিশনারের অধিক্ষেত্রাধীন তিনিই হবেন সংশ্লিষ্ট উপ কর কমিশনার।

জরিমানা আরোপের আদেশের কপি পাওয়ার পর উপ কর কমিশনার দাবীনামা জারীসহ জরিমানা আদায়ের ব্যবস্থা করবেন। দাবীনামা জারীর ক্ষেত্রে উপ কর কমিশনার জরিমানা আরোপের আদেশের একটি কপি দাবীনামার সাথে সংযুক্ত করবেন।

উপ কর কমিশনার নিজে জরিমানা আরোপ করলে তা আদায়ের জন্য যে আইনী বিধান প্রযোজ্য হতো, এ ধারায় বর্ণিত জরিমানা আদায়ের ক্ষেত্রেও একই বিধান প্রযোজ্য হবে।

২২। আয়কর অধ্যাদেশের ধারা 143 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 143 এর উপধারা (2) এর ক্লজ (a) প্রতিস্থাপন করে কর আদায়ের বিধান আরো স্পষ্ট করা হয়েছে। পরিবর্তিত বিধান অনুযায়ী, যদি কোনো person এর নিকট করদাতার কোন অর্থ বা মালামাল প্রাপ্য থাকে বা পরবর্তীতে প্রাপ্য হতে পারে, অথবা করদাতার অর্থ বা মালামাল গমনাগমনের মালিকানা বা নিয়ন্ত্রণ যদি কোনো person এর নিকট থাকে বা পরবর্তীতে আসতে পারে, তাহলে উপ কর কমিশনার উক্ত person কে লিখিত নোটিশ প্রদান করে-

(ক) নোটিশের মাধ্যমে দাবিকৃত অর্থ নির্ধারিত তারিখের মধ্যে উপ কর কমিশনারের বরাবরে পরিশোধের জন্য বলতে পারবেন;

(খ) করদাতা কর্তৃক কর পরিশোধ না হওয়া পর্যন্ত বা কর পরিশোধের বিষয়ে উপ কর কমিশনারের সাথে সন্তোষজনক ব্যবস্থা গ্রহণ না করা পর্যন্ত করদাতার মালামালের movement বন্ধ রাখা বা বর্ণিত মালামাল করদাতার অধীনে ন্যস্ত না করার জন্য বলতে পারবেন।

২৩। আয়কর অধ্যাদেশের ধারা 153 এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 153 প্রতিস্থাপন করা হয়েছে। আপীল দায়েরের ক্ষেত্র আগে মূলত section ও chapter ভিত্তিক ছিল; পরিবর্তিত বিধানে তা বিষয়-ভিত্তিক করা হয়েছে।

পরিবর্তিত বিধান অনুসারে, নিম্নবর্ণিত কারণে সংক্ষুব্ধ হলে ধারা 153 এর আওতায় আপীল দায়ের করা যাবে-

(ক) কর নির্ধারণ;
(খ) করদায় বা রিফান্ড পরিগণনা;
(গ) লোকসানের set off বা carry forward;
(ঘ) জরিমানা বা সুদ আরোপ;
(ঙ) সারচার্জ বা অন্য কোন অংক ধার্য বা পরিগণনা;
(চ) পরিশোধকৃত করের ক্রেডিট প্রদান; এবং
(ছ) রিফান্ড প্রদান

নিম্নবর্ণিত ক্ষেত্রগুলোতে কর কমিশনার (আপীল) এর নিকট আপীল করতে হবে-
(১) কোম্পানি কর্তৃক আপীল;
(২) ধারা 120 এর আদেশের বিপরীতে আপীল;
(৩) ধারা 107A তে সংজ্ঞায়িত international transaction জড়িত রয়েছে এরূপ ক্ষেত্রে কোনো দাবী সৃষ্টি বা জরিমানা আরোপের বিরুদ্ধে আপীল (অর্থাৎ, ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট আপীল); এবং
(৪) উপরে বর্ণিত নয় এরূপ ক্ষেত্রে, যুগ্ম কর কমিশনার বা তদুর্ধ্ব পর্যায়ের কোনো আয়কর কর্তৃপক্ষের জারীকৃত আদেশ।

আয়কর আপীল মামলা বদলী করা বা কোন সুনির্দিষ্ট আপীল মামলা কোনো বিশেষ আপীল কর্তৃপক্ষকে নিষ্পত্তির দায়িত্ব প্রদান করার যে ক্ষমতা জাতীয় রাজস্ব বোর্ডের ছিল তা অপরিবর্তিত রয়েছে।

আপীল দায়েরের ক্ষেত্রে, করদাতার রিটার্ন দাখিল করা থাকলে ধারা 74 অনুসারে আয়কর পরিশোধ (স্বীকৃত করদায় পরিশোধ) এবং রিটার্ন দাখিল করা না থাকলে ধার্যকৃত করের ১০% পরিশোধের যে বিধান আগে ছিল তাও অপরিবর্তিত রয়েছে।

২৪। আয়কর অধ্যাদেশের ধারা 163 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 163 সংশোধন করে বিধান করা হয়েছে যে, সর্বোচ্চ করদাতা অথবা সেরা করদাতা, দীর্ঘমেয়াদি করদাতা, কর বাহাদুর পরিবার, ইত্যাদি নামে সম্মানীয় করদাতা (distingusihed taxpayer) দের নামের তালিকা প্রকাশ ধারা 163 এর আওতায় করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন বলে গণ্য হবেনা।

অনুরূপভাবে, ধারা 108A এর আওতায় তথ্য প্রদান করাও করদাতার তথ্যের গোপনীয়তা লঙ্ঘন বলে গণ্য হবেনা।

২৫। ভুল তথ্য প্রদানের শাস্তি: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 166A এর সন্নিবেশ

আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোনো করদাতা সম্পর্কে তথ্য চাওয়ার প্রেক্ষিতে যদি কোনো ব্যক্তি তার অধিকারে থাকা ঐ করদাতার কোনো তথ্য গোপন করেন অথবা ইচ্ছাকৃত ভাবে ভুল তথ্য প্রদান করেন তবে সে ব্যক্তি তিন বছর পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডযোগ্য অপরাধ সংঘটন করেছেন বলে গণ্য হবেন।

২৬। মামলা দায়েরের ক্ষেত্রে অধিকতর তদন্তের ক্ষমতা: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 169A এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 169A সন্নিবেশ করে বিধান করা হয়েছে যে, আয়কর অধ্যাদেশে বর্ণিত কোনো অপরাধের জন্য বা মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১২ সালের ৫নং আইন) এ বর্ণিত কোনো কর সংক্রান্ত অপরাধের জন্য প্রসিকিউশন মামলা দায়েরের স্বার্থে উপ কর কমিশনার আয়কর অধ্যাদেশের আওতায় আগে করা অনুসন্ধান (enquiry) এর অতিরিক্ত হিসেবে এ ধারার আওতায় প্রয়োজনীয় অনুসন্ধান (enquiry) ও তদন্ত (investigation) করতে পারবেন।

এ ক্ষেত্রে উপ কর কমিশনার আগে ধারা 113 বা সংশ্লিষ্ট অন্যান্য ধারার আওতায় অনুসন্ধান পরিচালনা করবেন। এর পর প্রয়োজন মনে করলে ধারা 169A এর আওতায় অনুসন্ধান ও তদন্ত করতে পারবেন।

২৭। আয়কর অধ্যাদেশের ধারা 178 এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 178 সংশোধন করে বিধান করা হয়েছে যে আয়কর অধ্যাদেশের আওতায় কোনো নোটিশ পূর্বের পদ্ধতিতে জারীর পাশাপাশি ই-মেইলেও জারী করা যাবে।

ই-মেইলে নোটিশ জারীর ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করা হবে-

(ক) নোটিশ প্রেরণকারী আয়কর কর্তৃপক্ষ Board কর্তৃক নির্ধারিত অফিসিয়াল ই-মেইল address ব্যবহার করে নোটিশ প্রেরণ করবেন;

(খ) নোটিশ প্রাপকের সংশ্লিষ্ট আয় বছরের আয়কর রিটার্নে বর্ণিত ই-মেইল address অথবা প্রাপক যে address এ ই-মেইল পেতে ইচ্ছুক বলে কর বিভাগকে লিখিতভাবে অবহিত করেন সে address এ ই-মেইল প্রেরণ করতে হবে।

২৮। আয়কর অধ্যাদেশের ধারা 184A এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে ধারা 184A সংশোধন করে রাইড শেয়ারিং ব্যবসায় অংশগ্রহণকারী মোটরযান মালিকদের জন্য ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক

করা হয়েছে। এর ফলে UBER, Pathao সহ বিভিন্ন রাইড শেয়ারিং arrangement অংশগ্রহণকারী মোটরযান (গাড়ি, থ্রি-হুইলার, মোটরবাইক, ইত্যাদি) মালিকদের ১২-ডিজিট টিআইএন গ্রহণ করতে হবে।

২৯। বীমা ব্যবসায়ের খরচের ক্ষেত্রে ধারা 30 এর প্রযোজ্যতা: আয়কর অধ্যাদেশের Fourth Schedule এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে Fourth Schedule এর অনুচ্ছেদ 9 এর পর ব্যাখ্যা সংযোজন করে "removal of doubts" এর মাধ্যমে স্পষ্ট করা হয়েছে যে Fourth Schedule-তে বর্ণিত management expense বা অন্যান্য খরচের ক্ষেত্রেও ধারা 30 এর বিধান প্রযোজ্য।

৩০। আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part A এর সংশোধন

অর্থ আইন, ২০১৮ এর মাধ্যমে Sixth Schedule এর Part A তে সংশোধনী এনে কয়েকটি ক্ষেত্রে কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

অনুচ্ছেদ (58) ও (59) অনুসারে, elderly care home পরিচালনা, শিশুদের day care home পরিচালনা এবং কেবল প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) দের জন্য পরিচালিত শিক্ষা বা প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিচালনা হতে অর্জিত আয়কে কর অব্যাহতি প্রদান করা হয়েছে:

এছাড়া, অনুচ্ছেদ (60) অনুসারে, বাংলাদেশে নিবাসী কোনো কোম্পানির নিকট যদি কোনো করারোপিত লভ্যাংশ বণ্টিত হয় এবং যদি লভ্যাংশ প্রদানকারী কোম্পানি উক্ত করারোপিত লভ্যাংশের জন্য আলাদা হিসাব সংরক্ষণ করে তাহলে প্রাপক কোম্পানির হাতে উক্ত করারোপিত লভ্যাংশ করমুক্ত হবে। করারোপিত লভ্যাংশ আয়ের উপর অনুচ্ছেদ (60) অনুযায়ী কর অব্যাহতি পাওয়ার জন্য নিম্নবর্ণিত শর্তসমূহ অবশ্যই পূরণ হতে হবে-

(ক) করারোপিত লভ্যাংশ বণ্টিত হবে;
(খ) লভ্যাংশ প্রদানকারী কোম্পানি উক্ত করারোপিত লভ্যাংশের জন্য আলাদা হিসাব সংরক্ষণ করবে;
(গ) লভ্যাংশ প্রাপক বাংলাদেশে নিবাসী কোম্পানি হবে।
[আরো বিবরণের জন্য অনুচ্ছেদ ৩(ঘ) ও ১১ দ্রষ্টব্য]।

উদাহরণ ৩০-১
কোম্পানি SCo, কোম্পানি ACo এর ৫০ শতাংশ শেয়ারের মালিক। কোম্পানি HCo, SCo এর ৪০ শতাংশ শেয়ারের মালিক। HCo বাংলাদেশে নিবাসী কোম্পানি।

১৫ ডিসেম্বর ২০১৭ তারিখে ACo ১০,০০,০০০ টাকা লভ্যাংশ প্রদান করে। ACo এর ৫০ শতাংশ শেয়ারের মালিকানা থাকায় এক্ষেত্রে SCo এর লভ্যাংশ আয়ের পরিমাণ (১০,০০,০০০ x ৫০%) = ৫,০০,০০০ টাকা। ACo, SCo কে লভ্যাংশ প্রদানের সময় ২০ শতাংশ হারে উৎসে (৫,০০,০০০ x ২০%) = ১,০০,০০০ টাকা আয়কর কর্তন করে। উক্ত লভ্যাংশ আয় SCo এর ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আয় বছরের মোট আয়ে অন্তর্ভুক্ত ছিল। ACo এর নিকট হতে প্রাপ্ত লভ্যাংশ আয় ছাড়া SCo এর আর কোনো আয় নেই।

এক্ষেত্রে, SCo এর লভ্যাংশ আয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা এবং করারোপিত লভ্যাংশ (taxed dividend) এর পরিমাণ ৪,০০,০০০ টাকা ।

৩০ নভেম্বর ২০১৮ তারিখে SCo উক্ত করারোপিত লভ্যাংশ ৪০০,০০০ টাকা শেয়ারহোল্ডারের নিকট বন্টন করে। SCo এর ৪০ শতাংশ শেয়ারের মালিক হিসেবে এক্ষেত্রে HCo এর লভ্যাংশ (৪,০০,০০০ x ৪০%) = ১,৬০,০০০ টাকা।

করারোপিত লভ্যাংশ ৪০০,০০০ টাকার জন্য SCo পৃথক হিসাব রেখেছে।
এক্ষেত্রে যেহেতু করারোপিত লভ্যাংশ বাংলাদেশে নিবাসী কোম্পানি HCo এর নিকট বন্টিত হচ্ছে, তাই HCo এর উক্ত লভ্যাংশ আয় করমুক্ত হবে।

৩১। জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে নিয়োজিত কন্টেইনার (মাল্টিপারপাস) কে অনুমিত আয়করের আওতায় আনা

এস, আর, ও নং ১৯০-আইন/আয়কর/২০১৮, তারিখ ২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও ২২৪-আইন/আয়কর/২০১২ সংশোধন করে অভ্যন্তরীণ নৌ-পথে নিয়োজিত কন্টেইনার (মাল্টিপারপাস) কে অনুমিত আয়করের আওতায় আনা হয়েছে [পরিশিষ্ট ২ দ্রষ্টব্য]।

(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনীসমূহ

এস, আর, ও নং ১৯১-আইন/আয়কর/২০১৮; তারিখ, ২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে নিম্নরূপ সংশোধনী আনা হয়েছে -

(১) বিধি 17A এর সংশোধন

বিধি 17A এর ক্লজ (b) এর Table-1 এর কলাম (1) এর Sl. No. 31 প্রতিস্থাপন করে নিম্নরূপ নতুন Sl. No. 31, 32 এবং 33 সংযোজন করা হয়েছে:

31.	85.17	8517.12.10	Cellular (Mobile/fixed wireless) telephone set
32.	85.17	8517.70.00	Loaded Printed Circuit Board/ PCB; Assembled/ Mother Board for Cellular Phone; Key; Keypad housing; Keypad Dome; Front Shell; Vibrator; Motor; Touch Panel; Touch Panel Glass for mobile phone; Liquid Crystal Module; Camera Module; Input-Output (I/O) Port; Internal Earphone; Microphone; Antenna; Receiver
33.	89.01	8901.90.30	Vessels capacity exceeding 5000 DWT for registration in Bangladesh operating in Ocean for at least three consecutive years and not older than 22 years from the date of commissioning;

এর ফলে উপর্যুক্ত আইটেমসমূহের ক্ষেত্রে আমদানি পর্যায়ে ২% হারে উৎস কর প্রযোজ্য হবে।

এছাড়া, ক্লজ (c) এর Table 3 এর কলাম (1) এর আওতাধীন Sl. No. 174. এর বিপরীতে কলাম (4) এবং Sl. No. 176. এর বিপরীতে কলাম (4) এর এন্ট্রির পরিবর্তে উভয় ক্ষেত্রে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-

> "Database; operating systems; development tools; productivity; communication or collaboration software."

১ জুলাই ২০১৮ থেকে আমদানির ক্ষেত্রে সংশোধিত এ বিধান প্রযোজ্য হবে।

(২) বিধি 18 এর সংশোধন

বিধি 18 এর উপ-বিধি (7) এ আয়কর কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ছকে কর্তিত বা সংগৃহীত উৎস কর এর বিবরণী প্রেরণ করতে হয়। এ উপ-বিধিতে বর্ণিত ছকটি ঈষৎ পরিবর্তন করে কী পরিমাণ অর্থের উপর উৎস কর কর্তন/সংগ্রহ করা হয়েছে সে তথ্য প্রদানের জন্য একটি নতুন কলাম সংযোজন করা হয়েছে [পরিশিষ্ট-৩ দ্রষ্টব্য]।

(৩) বিধি 23A সংযোজন

ধারা 108A অনুযায়ী, বেসরকারী নিয়োগকর্তা তার ব্যবসা/পেশায় কর্মরত বেতনভোগী কর্মী (employee) দের রিটার্ন প্রদান সংক্রান্ত তথ্য আয়কর বিভাগের নিকট প্রতি বছরের ৩০ এপ্রিল তারিখের মধ্যে দাখিল করতে হবে। নতুন সন্নিবেশিত বিধি 23A অনুযায়ী, রিটার্ন দাখিলের তথ্য নিম্নবর্ণিত বিবরণীতে প্রদান করতে হবে:

Statement regarding filing of return of employees
under section 108A of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

Statement for Financial Year:
Name of the employer:
TIN:
Address:

Sl. No.	Name of the employee	Designation	Twelve-digit Taxpayer's Identification Number
1	2	3	4

Taxes Circle, Taxes Zone/ Unit	Date of filing of the return of income	The serial number provided by the Income-tax authority upon filing of the return	Remarks
5	6	7	8

I certify that –

(a) the above statement contains a complete list of employees and their particulars about their filing of the return of income;
(b) the particulars above are correct and complete.

Signature & Seal

Name:.....
Designation:
Date of Signature:

আগেই বলা হয়েছে, সাধারণভাবে ধারা 108 এর অধীনে দাখিলকৃত বিবরণীতে সকল কর্মীর তথ্য অন্তর্ভুক্ত করার কথা সে সকল কর্মীর তথ্য বিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে।

উক্ত বিবরণীর এক প্রস্থ নিয়োগকর্তার ব্যবসা বা প্রতিষ্ঠান যে উপ কর কমিশনার এর অধিক্ষেত্রাধীন তাঁর নিকট এবং অপর প্রস্থ ব্যবসা বা প্রতিষ্ঠানের employee গণ যে উপ কমিশনারের অধীক্ষেত্রাধীন তাঁর নিকট দাখিল করতে হবে।

(৪) বিধি 25A সংশোধন

২০১৬ সালে প্রবর্তিত আয়কর রিটার্ন ফরম IT10BB2016 পরিমার্জন করা হয়েছে। উক্ত ফরমের ক্রমিক 10A এর উপহার (gifts) এবং ক্রমিক 10C এর বিপরীতে বর্ণিত অনুদান (Donation) শব্দসমূহ বাদ দেয়া হয়েছে [পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য]।

৩২। আয়কর রিটার্ন ফরম

বিগত কর বছরগুলোর মতো ২০১৮-১৯ করবছরেও ব্যক্তি শ্রেণির করদাতা ও কোম্পানি করদাতাগণের জন্য নতুন বা পুরাতন, যে কোন ফরমেই রিটার্ন দাখিল করার সুযোগ রাখা হয়েছে। তবে ব্যক্তি-শ্রেণি ও কোম্পানি করদাতা ব্যতীত অন্যান্য শ্রেণির করদাতা (যেমন, এনজিও, ফার্ম, ব্যক্তিসংঘ, ইত্যাদি) দের ক্ষেত্রে ২০১৮-১৯ করবছর হতে কেবল নতুন ফরম IT-10CHA2016 তে রিটার্ন দাখিল করতে হবে। তবে এসব করদাতার ক্ষেত্রে ২০১৮-১৯ কর বছরে ইতোমধ্যে পুরাতন ফরমে রিটার্ন দাখিল করা হয়ে থাকলে পুনরায় নতুন ফরমে রিটার্ন দাখিল করতে হবেনা।

এ পরিপত্রে অন্য কিছু সুনির্দিষ্টভাবে বলা না থাকলে অধ্যায় বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর chapter, ধারা বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section, বিধি বলতে আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rule এবং Board বলতে জাতীয় রাজস্ব বোর্ড কে বুঝাবে।

২০১৮-১৯ সালের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনী/পরিবর্তন এবং নতুন জারীকৃত প্রজ্ঞাপনসমূহ স্পষ্টীকরণের উদ্দেশ্যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 185A অনুসারে এ পরিপত্র জারী করা হলো।

এ পরিপত্রের কোনো বক্তব্য বা উপস্থাপনা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অথবা আয়কর বিধিমালা, ১৯৮৪ অথবা জারীকৃত প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক হলে বা কোনো মুদ্রণজনিত ত্রুটির কারণে কোনোরূপ অস্পষ্টতা দেখা দিলে অর্থ আইন, ২০১৮, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং মূল প্রজ্ঞাপনসমূহের ভাষ্য প্রাধান্য পাবে।

(মোঃ শব্বির আহমদ)
প্রথম সচিব (কর নীতি)
shabbir@nbr.gov.bd

পরিশিষ্ট

তফসিল ২
প্রথম অংশ

(অর্থ আইন, ২০১৮ এর ধারা ৪৫ দ্রষ্টব্য)

১ জুলাই, ২০১৮ তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য আয়করের হার

অনুচ্ছেদ-ক

Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-খ প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারি ফার্ম, ব্যক্তি-সংঘ ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

মোট আয়	হার
(ক) প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	শূন্য
(খ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	১০%
(গ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	১৫%
(ঘ) পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	২০%
(ঙ) পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর--	২৫%
(চ) অবশিষ্ট মোট আয়ের উপর --	৩০%

:

তবে শর্ত থাকে যে,-

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,০০,০০০/- টাকা;

(খ) প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,০০,০০০/- টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,২৫,০০০/- টাকা;

(ঘ) কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা বেশী হইবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যে কোনো একজন এই সুবিধা ভোগ করিবেন; এবং

(ঙ) ন্যূনতম করের পরিমাণ কোনো ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না-

এলাকার বিবরণ	ন্যূনতম করের হার (টাকা)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন , ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

(চ) কোনো করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা:-

	বিবরণ	**রেয়াতের হার**
(অ)	যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে	সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;
(আ)	যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়	সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে-

(১) প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) বলিতে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ৩১ ধারা মোতাবেক প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত ব্যক্তিকে বুঝাইবে;

(২) ‘‘সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)’’ বা ‘‘স্বল্প উন্নত এলাকা (less developed area)’’ অর্থ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 45 এর sub-section (2A) এর clauses (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

অনুচ্ছেদ-খ

কোম্পানি, স্থানীয় কর্তৃপক্ষ এবং সে সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) ‘‘যে কোম্পানির রেজিস্ট্রিকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানি হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য’’ সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ), (গ), (ঘ) ও (ঙ) তে বর্ণিত কোম্পানিসমূহের ক্ষেত্র ব্যতীত-	
(অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company-	উক্ত আয়ের ২৫% :
	তবে শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি যাহা publicly traded company নহে, উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে;

(আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2 এর clause (20) এর sub-clauses (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানির ক্ষেত্রে-	উক্ত আয়ের ৩৫%:
(খ) ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত):	
(অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company-	উক্ত আয়ের ৩৭.৫%;
(আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে:	উক্ত আয়ের ৪০%;
তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের করের হার হইবে ৩৭.৫% ।	
(গ) মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে-	উক্ত আয়ের ৩৭.৫%;
(ঘ) সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোম্পানির ক্ষেত্রে-	উক্ত আয়ের ৪৫%;

(ঙ) মোবাইল ফোন অপারেটর কোম্পানির ক্ষেত্রে -	উক্ত আয়ের ৪৫%:
	তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর বেশী থাকিতে পারিবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করত: Publicly traded company তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে করের হার হইবে ৪০%:
	আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে;

(২) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোনো কোম্পানি অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোনো প্রতিষ্ঠান হইতে ১৪ আগস্ট, ১৯৪৭ এর পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত পুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর বা বাংলাদেশে নিবন্ধিত নয় এইরূপ বিদেশি কোম্পানির মুনাফা প্রত্যাবাসন যাহা Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2 এর clause (26) এর sub-clause (dd) অনুসারে লভ্যাংশ হিসেবে গণ্য, তাহার উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ২০%;
(৩) কোম্পানি নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি-করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ৩০%;
(৪) কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ৪৫%;
(৫) সমবায় সমিতি আইন, ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ১৫%।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে “publicly traded company” বলিতে এইরূপ কোনো পাবলিক লিমিটেড কোম্পানিকে বুঝাইবে যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসর সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানিটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইয়াছে।

দ্বিতীয় অংশ
(অর্থ আইন, ২০১৮ এর ধারা ৪৬ দ্রষ্টব্য)
সারচার্জের হার

অনুচ্ছেদ ক

ব্যক্তি-করদাতা (assessee being individual) এর ক্ষেত্রে, Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শনযোগ্য নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

সম্পদ	সারচার্জের হার	ন্যূনতম সারচার্জ
(ক) নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লাখ টাকা পর্যন্ত-	শূন্য	শূন্য
(খ) নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লাখ টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়; বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি	১০%	৩,০০০/-
(গ) নীট পরিসম্পদের মূল্যমান পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়-	১৫%	
(ঘ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়-	২০%	৫,০০০/-
(ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়-	২৫%	
(চ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক যে কোনো অংকের উপর-	৩০%	

ব্যাখ্যা।-

এই অনুচ্ছেদে-

(১) নীট পরিসম্পদের মূল্যমান বলিতে Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and

expenses) তে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) বুঝাইবে;

(২) মোটর গাড়ি বলিতে প্রাইভেট কার, জীপ বা মাইক্রোবাস বুঝাইবে।

অনুচ্ছেদ খ

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হইবে।

পরিশিষ্ট ২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ/ ২৫ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

এস, আর, ও, নং ১৯০-আইন/আয়কর/২০১৮।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২৪-আইন/আয়কর/২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ নূতন ব্যাখ্যা সংযোজিত হইবে, যথা:-

"ব্যাখ্যা।– এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, 'অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো' অর্থে অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কন্টেইনারও (মাল্টিপারপাস) অন্তর্ভুক্ত হইবে।" ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব

পরিশিষ্ট ৩

Statement of Tax Deducted or Collected under Chapter VII
of the Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984)

For the month of:
Name of the persion or the office of the person by whom tax was deducted or collected:
Address:

Sl. No	Particulars of the person from whom tax is deducted/ collected			Date of tax deduction/ collection	Source of deduction/ collection	Section
	Name	Address	TIN			
1	2	3	4	5	6	7

Amount paid/ credited	Amount of tax deducted/ collected	Payment to the credit of the Government				Remarks
		Challan * Number	Challan Date	Bank Name	Amount	
8	9	10	11	12	13	14

* if payment is made in any other mode specified by the Board, provide information relevant to that mode

Signature and Seal

Name
Designation
TCAN
Phone & E-mail
Date of Signature

Statement regarding filing of return of employees

under section 108A of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

Statement for Financial Year:
Name of the employer:
TIN:
Address:

Sl. No.	Name of the employee	Designation	Twelve-digit Taxpayer's Identification Number
1	2	3	4

Taxes Circle, Taxes Zone/ Unit	Date of filing of the return of income	The serial number provided by the Income-tax authority upon filing of the return	Remarks
5	6	7	8

I certify that –

(a) the above statement contains a complete list of employees and their particulars about their filing of the return of income;

(b) the particulars above are correct and complete.

Signature & Seal

Name:.....
Designation:
Date of Signature:

National Board of Revenue
www.nbr.gov.bd

IT-10BB2016

STATEMENT OF EXPENSES RELATING TO LIFESTYLE
under section 80(2) of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

01	Assessment Year 2 0	02	Statement as on (DD-MM-YYYY) 2 0
03	Name of the Assessee	04	TIN

Particulars			Amount ৳	Comment
05	Expenses for food, clothing and other essentials			
06	Housing expense			
07	Auto and transportation expenses (07A+07B)			
	07A	Driver's salary, fuel and maintenance		
	07B	Other transportation		
08	Household and utility expenses (08A+08B+08C+08D)			
	08A	Electricity		
	08B	Gas, water, sewer and garbage		
	08C	Phone, internet, TV channels subscription		
	08D	Home-support staff and other expenses		
09	Children's education expenses			
10	Special expenses (10A+10B+10C+10D)			
	10A	Festival, party, events		

Particulars			Amount ৳	Comment
	10B	Domestic and overseas tour, holiday, etc.		
	10C	Philanthropy, etc.		
	10D	Other special expenses		
11	Any other expenses			
12	Total expense relating to lifestyle (05+06+07+08+09+10+11)			
13	Payment of tax, charges, etc. (13A+13B)			
	13A	Payment of tax at source		
	13B	Payment of tax, surcharge or other amount		
14	Total amount of expense and tax (12+13)			

15	**Verification** I solemnly declare that to the best of my knowledge and belief the information given in this statement is correct and complete.	
	Name	Signature & date

উৎসে কর কর্তন/ আদায় সংক্রান্ত অধিক্ষেত্র

(১)আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2(20) অনুযায়ী সংজ্ঞায়িত কোন কোম্পানি, বা কোন সমবায় সমিতি বা এনজিও কর্তৃক উৎসে কর্তিত বা সংগৃহীত কর, অনুচ্ছেদ (২) ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, তাদের কর নির্ধারণ (assessment) যে কর অঞ্চল/ইউনিট এর অধিক্ষেত্রাধীন সে কর অঞ্চল/ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

(২) তবে, কোন ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা সংগৃহীত কর সারণী-১ এর ৪ নং কলামে বর্ণিত কর অঞ্চল/ ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

সারণী-১

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
(১)	(২)	(৩)	(৪)
১	সঞ্চয়পত্রের সুদ (ধারা 52D)	ঢাকা জেলা	কর অঞ্চল-১০, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৪, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
২	আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তি (ধারা 52R)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-১৫, ঢাকা
৩	লোকাল এল সি এর মাধ্যমে মালামাল ক্রয় বাবদ অর্থ পরিশোধ (ধারা 52U)	চট্টগ্রাম ও কক্সবাজার জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	বৃহৎ করদাতা ইউনিট
৪	নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস, টেরি টাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টুন ও এক্সেসরিজ, পাটজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, সবজি, চামড়াজাত পণ্য, মোড়কজাত খাদ্য রপ্তানি (ধারা 53BB)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-৪, ঢাকা
৫	ধারা 53BB তে উল্লিখিত পণ্য ব্যতীত অন্য যে কোন পণ্য রপ্তানি (ধারা 53BBBB)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-৪, ঢাকা
৬	বিদেশী ক্রেতার এজেন্টকে কমিশন বা রেমুনারেশন পরিশোধ (ধারা 53EE)	ঢাকা জেলা	কর অঞ্চল-৬, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৩, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
(১)	(২)	(৩)	(৪)
৭	সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত, ইত্যাদির সুদ (ধারা 53F)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-১, ঢাকা

(৩) সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা person (কোম্পানি বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা সংগৃহীত কর সারণী-২ এর ৪ নং কলামে বর্ণিত কর অঞ্চল/ ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

সারণী-২

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
(১)	(২)	(৩)	(৪)
১	বেতনাদি (ধারা 50)	সমগ্র বাংলাদেশ	বেতনভোগী কর্মী (employee) যে কর অঞ্চল/ ইউনিট এর করদাতা
২	বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের উপর ডিসকাউন্ট (ধারা 50A)	সমগ্র বাংলাদেশ	বৃহৎ করদাতা ইউনিট
৩	সিকিউরিটিজ এর উপর সুদ বা মুনাফা (ধারা 51)	সমগ্র বাংলাদেশ	বৃহৎ করদাতা ইউনিট
৪	(ক) কোন চুক্তি সম্পাদন (Chapter VII এর অন্য কোন ধারায় উল্লিখিত কোন সেবা প্রদান সংশ্লিষ্ট চুক্তি ব্যতীত); (খ) দ্রব্যাদি সরবরাহ; (গ) উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ বা রূপান্তর; (ঘ) প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং; (ধারা 52 এবং বিধি 16)	ঢাকা জেলা	কর অঞ্চল-২, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
৫	রয়্যালটিজ, ফ্র্যাঞ্চাইজ, লাইসেন্স ফি, ব্র্যান্ড নাম, পেটেন্ট, ইনভেনশন, ফর্মুলা, প্রসেস, মেথড, ডিজাইন, প্যাটার্ন, know-how, কপিরাইট, ট্রেডমার্ক, ট্রেড নাম, সাহিত্যানুগ বা সঙ্গীতধর্মী বা শৈল্পিক রচনা, সার্ভে, স্টাডি, ফোরকাস্ট, এস্টিমেট, গ্রাহক তালিকা ইত্যাদি সহ অন্যান্য সকল intangibles ব্যবহার (ধারা 52A)	ঢাকা জেলা	কর অঞ্চল-৮, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
(১)	(২)	(৩)	(৪)
৬	(১) উপদেষ্টা অথবা কনসালটেন্সি সার্ভিস (২) পেশাগত সার্ভিস, কারিগরি সার্ভিসেস ফি, কারিগরি সহায়তা ফি (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সার্ভিস ব্যতীত) (ধারা 52AA)	ঢাকা জেলা	কর অঞ্চল-৮, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
	(২) পেশাগত সার্ভিস (ডাক্তার কর্তৃক প্রদত্ত) (ধারা 52AA)	ঢাকা জেলা	কর অঞ্চল-১০, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
৬ (চলমান)	(৩) ক্যাটারিং সার্ভিস; ক্লিনিং সার্ভিস; কালেকশন এন্ড রিকভারী সার্ভিস; প্রাইভেট সিকিউরিটি সার্ভিস; জনবল সরবরাহ সার্ভিস; ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস; পাবলিক রিলেশন/জনসংযোগ সার্ভিস; ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস; প্রশিক্ষণ, ওয়ার্কশপ, ইত্যাদি আয়োজন ও ব্যবস্থাপনা সার্ভিস; বা অনুরূপ অন্যান্য সার্ভিস (৪) মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিস (৫) ইন্ডেটিং কমিশন (৬) মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী (৮) ক্রেডিট রেটিং সার্ভিস (৯) মোটর গ্যারেজ ও ওয়ার্কশপ (১০) প্রাইভেট কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড সার্ভিস (১১) শিপিং এজেন্সি কমিশন (১২) স্টিভেডরিং/বার্থ অপারেশন কমিশন (১৩) পরিবহন সার্ভিস, ক্যারিং সার্ভিস, যানবাহন রেন্টাল সার্ভিস, রাইড শেয়ারিং সার্ভিস (১৪) ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chapter VII এর সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সেবা (ধারা 52AA)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৪, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
৬ (চলমান)	(৭) মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফিস (ধারা 52AA)	সমগ্র বাংলাদেশ	বৃহৎ করদাতা ইউনিট
৭	সি এন্ড এফ কমিশন (ধারা 52AAA)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৫, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৩, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
৮	অ-যান্ত্রিক সিগারেট (বিড়ি) প্রস্তুতকারক (ধারা 52B)	ঢাকা জেলা	কর অঞ্চল-১০, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৪, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
(১)	(২)	(৩)	(৪)
৯	অধিগ্রহণকৃত সম্পত্তির বিপরীতে ক্ষতিপূরণ প্রদান (ধারা 52C)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৫, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১০	সঞ্চয়পত্রের সুদ (ধারা 52D)	ঢাকা জেলা	কর অঞ্চল-১০, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৪, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১১	শ্রমিক অংশগ্রহণ তহবিল (WPF) হতে সুবিধাভোগীকে অর্থ পরিশোধ (ধারা 52DD)	সমগ্র বাংলাদেশ (চট্টগ্রাম ব্যতীত)	কর অঞ্চল-৩, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
১২	ইট প্রস্তুতকারক (ধারা 52F)	ঢাকা জেলা	কর অঞ্চল-৭, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৪, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১৩	এল সি কমিশন (ধারা 52I)	সমগ্র বাংলাদেশ (চট্টগ্রাম ব্যতীত)	বৃহৎ করদাতা ইউনিট
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
১৪	ট্রাভেল এজেন্ট (ধারা 52JJ)	ঢাকা জেলা	কর অঞ্চল-৪, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১৫	সিটি করপোরেশন বা পৌরসভা কর্তৃক ট্রেড লাইসেন্স নবায়ন (ধারা 52K)	ঢাকা জেলা	কর অঞ্চল-৩, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১৬	ফ্রেইট ফরোয়ার্ড এজেন্সি কমিশন (ধারা 52M)	ঢাকা জেলা	কর অঞ্চল-৬, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৩, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১৭	রেন্টাল পাওয়ার (ধারা 52N)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৩, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-৩, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
১৮	ডায়মন্ড কাটিং শিল্পে নিয়োজিত বিদেশী প্রকর্মী (technician) (ধারা 52O)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-৯, ঢাকা
১৯	কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদি কে ভাড়া প্রদান (ধারা 52P)	ঢাকা জেলা	কর অঞ্চল-৪, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
২০	নিবাসী person কর্তৃক বিদেশী person কে সার্ভিস প্রদানের বিপরীতে প্রাপ্ত আয় (ধারা 52Q)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-১১, ঢাকা

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
(১)	(২)	(৩)	(৪)
২১	আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তি (ধারা 52R)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-১৫, ঢাকা
২২	জীবন বীমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত মুনাফা পরিশোধ (ধারা 52T)	সমগ্র বাংলাদেশ	বৃহৎ করদাতা ইউনিট
২৩	লোকাল এল সি এর মাধ্যমে মালামাল ক্রয় বাবদ অর্থ পরিশোধ (ধারা 52U)	চট্টগ্রাম ও কক্সবাজার জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	বৃহৎ করদাতা ইউনিট
২৪	সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক ফিস, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি পরিশোধ (ধারা 52V)	সমগ্র বাংলাদেশ	বৃহৎ করদাতা ইউনিট
২৫	পণ্য আমদানি (ধারা 53 & বিধি 17A)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৪, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-১, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
২৬	গৃহ সম্পত্তি ভাড়া (ধারা 53A)	ঢাকা জেলা	কর অঞ্চল-৭, ঢাকা
		চট্টগ্রাম জেলা	কর অঞ্চল-২, চট্টগ্রাম
		অন্যান্য জেলা	সংশ্লিষ্ট কর অঞ্চল
২৭	নিবাসী করদাতার শিপিং ব্যবসা (ধারা 53AA)	ঢাকা জেলা	কর অঞ্চল-১০, ঢাকা
